# Daily Monitoring Report


**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd



Chaitra 10, 1430 Bangla, March 24, 2024, Sunday, No. 84, 54th year


# H I G H L I G H T S

PM Sheikh Hasina has said to achieve the SDG announced by the UN, govt. has taken various activities including 100-year delta plan, five-year plan with priority on climate change adaptation system. (Jago FM: 13)

AL GS Quader commented that BNP has started opposing India in Pakistani style. (R. Today: 10)

Foreign Minister Dr Hasan Mahmud has informed that the government's efforts are underway to free the hijacked ship MV Abdullah and its sailors from the captivity of Somali pirates. (R. Today: 10)

Home Minister Asaduzzaman Khan Kamal comments, the reason behind the price hike of daily commodities is due to taking higher profits by the traders, rather than extortion. (Jago FM: 15)

BNP Vice Chairman Major (retd) Hafiz Uddin Ahmed has said AL govt. is shamelessly being subservient to the neighboring country and it has become a habit of them. (R. Today: 10)

This time the upcoming upazila election will not be on party symbols. As a result, there is a fear that the political conflict will be more pronounced at the grassroots level during this election. (DW: 08)

Foreign debt of BD has crossed 100 billion dollars milestone in December. Experts opine though this debt is not more than GDP, if the revenue, exports and remittances do not increase, it can create huge pressure on the country in the next few years. (BBC: 04)

BGMEA says, garment exports have increased significantly this year compared to last year. However, due to Russia-Ukraine war and upcoming US elections, many entrepreneurs cannot be completely optimistic. (BBC: 03)

India has extended its ban on onion exports indefinitely - a surprise move that comes ahead of the country's general election and is set to exacerbate high prices in some overseas markets. (R. Today: 11)

Prof Sharfuddin Ahmed, outgoing BSMMU vice-chancellor, faces allegations of accepting bribes for job placements and protest was there against him. There were allegations of beating some of the VC's personal officials. (R.Today: 11)

The death toll from the attack on Moscow's Crocus City Hall has now risen to over 130. 11 people including four suspected gunmen have so far been arrested. (NHK: 09)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১০, বাংলা ১৪৩০, মার্চ ২৪, ২০২৪, রবিবার, নং- ৮৪, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সরকার জলবায়ু পরিবর্তন অভিযোজন ব্যবস্থাকে প্রাধান্য দিয়ে ১০০ বছর মেয়াদি বদ্বীপ পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনাসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। (জাগো এফএম: ১৩)

বিএনপি পাকিস্তানি কায়দায় ভারত বিরোধিতা শুরু করেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাদের। (রে. টুডে: ১০)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছন মাহমুদ জানিয়েছেন, সোমালিয়া জল দস্যুদের কাছে জিম্মি হওয়া বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ-এর নাবিকদের উদ্ধারের চেষ্টা করা হচ্ছে। (রে. টুডে: ১০)

চাঁদাবাজির চাইতে বরং অধিক মুনাফার কারণে নিত্যপণ্যের দাম বাড়ছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। (জাগো এফএম: ১৫)

নির্লজ্জভাবে প্রতিবেশী দেশের প্রতি আনুগত্য স্বীকার করে যাচ্ছে আওয়ামী লীগ সরকার বলে মন্তব্য করে বিএনপি'র ভাইস চেয়ারম্যান মেজর (অব:) হাফিজ উদ্দিন আহমেদ বলেছেন গোলামী করা আওয়ামী লীগের অভ্যাসে পরিণত হয়েছে। (রে. টুডে: ১০)

এবার আসন্ন উপজেলা নির্বাচন দলীয় প্রতীকে হবে না। ফলে এ নির্বাচনে তৃণমূলস্তরে দ্বন্দ্ব আরো প্রকট হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। (ডয়েচে ভেলে: ০৮)

বাংলাদেশ ব্যাংকের দেয়া তথ্য বলছে, দেশের বিদেশি ঋণ ১০০ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করেছে গত ডিসেম্বরেই। বিশেষজ্ঞরা বলছেন, জিডিপির তুলনায় একশো বিলিয়ন ডলার ঋণ বেশি না হলেও রাজস্ব আয়, রফতানি এবং রেমিট্যান্স না বাড়াতে পারলে এ ঋণই বিশাল চাপ তৈরি করতে পারে আগামী কয়েক বছরে। (বিবিসি: ০৪)

গত বছরের তুলনায় এ বছর তৈরি পোশাক রফতানি বেশ বেড়েছে বলে জানিয়েছে বিজিএমইএ।তবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ আর আসন্ন মার্কিন নির্বাচনের কারণে পুরোপুরি আশাবাদী হতে পারছেন না অনেক উদ্যোক্তা। (বিবিসি: ০৩)

পেয়াজ রপ্তানিতে অনির্দিষ্টকালের জন্য নিষেধাজ্ঞা বাড়িয়েছে ভারত। দিল্লির এই সিদ্ধান্তে বিশ্বের অনেক দেশে পেঁয়াজের দাম বেড়ে যেতে পারে বলে মনে করা হচ্ছে। (রে. টুডে: ১১)

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা. শরফুদ্দিন আহমেদের মেয়াদের শেষ মুহূর্তে তার বিরুদ্ধে নিয়োগ-বাণিজ্যের অভিযোগে ক্যাম্পাসে বিক্ষোভের ঘটনা ঘটেছে।এ সময় ভিসির ব্যক্তিগত সরকারি সহ কয়েকজনকে মারধর করে বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেওয়ার অভিযোগ ও পাওয়া গেছে। (রে. টুডে: ১১)

রাশিয়ার মস্কোতে একটি কনসার্ট হলে চালানো প্রাণঘাতী হামলায় ৯৩ ব্যক্তি প্রাণ হারিয়েছেন; ঘটনায় ১১ ব্যক্তিকে আটক করার খবর পাওয়া গেছে। (এনএইচকে: ০৯)

# বিবিসি

## বাংলাদেশের তৈরি পোশাক খাতের রপ্তানি কিছুটা ইতিবাচক ধারায় ফিরেছে : বিজিএমইএ

বাংলাদেশের তৈরি পোশাক খাতের রপ্তানি কিছুটা ইতিবাচক ধারায় ফিরেছে বলে জানিয়েছে কারখানা মালিকদের সংগঠন বিজিএমইএ। গত বছরের এই সময়ের তুলনায় এ বছর রপ্তানি বেশ বেড়েছে বলে সংগঠনটি জানিয়েছে। তবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ অব্যাহত থাকা আর আসন্ন মার্কিন নির্বাচনের কারণে পুরোপুরি আশাবাদী হতে পারছেন না অনেক উদ্যোক্তা। তৈরি পোশাক কারখানা মালিকদের সংগঠন বিজিএমইএ সভাপতি ফারুক হাসান বলেছেন, 'এ খাতের রপ্তানি পুনরুদ্ধার শুরু হয়েছে। সার্বিকভাবে বড় দুটি বাজার অর্থাৎ ইউরোপীয় ইউনিয়নে বেড়েছে আর যুক্তরাষ্ট্রের বাজার ইতিবাচক ধারায় ফিরছে।' 'গত জানুয়ারি-ফেব্রুয়ারি সময়ে যুক্তরাষ্ট্র, কানাডা ও যুক্তরাজ্যে রপ্তানি বেড়েছে। কিছুদিন আগে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের তথ্য উপাত্ত বিশ্লেষণ করে আমরা বলেছিলাম ২০২৪ সালে খুচরা ব্যবসা ফিরে আসার ইঙ্গিত আছে,' গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে বলেছেন মি. হাসান।

অর্থনীতিবিদ ড. মুস্তাফিজুর রহমান বিবিসি বাংলাকে বলছেন, 'রপ্তানি প্রবৃদ্ধির মূল কারণ হলো অর্থনৈতিক পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ায় ইউরোপ, আমেরিকার বাজারে চাহিদা বেড়েছে সাম্প্রতিক সময়ে এবং এর ফলে বাংলাদেশের পোশাক খাতের ব্যবসায়ীরা অর্ডার পাচ্ছেন।' যদিও গত দুই মাসের রপ্তানির তথ্য দিয়ে সার্বিক পরিস্থিতি পর্যালোচনা না করার পরামর্শ দিয়েছেন বিজিএমইএ-এর সাবেক সভাপতি সিদ্দিকুর রহমান। 'আমাদের মনে রাখতে হবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধ না হলে এবং আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত ইউরোপ আমেরিকার বাজার স্বাভাবিক হবে না। তাই এখনকার পরিস্থিতিকে নেতিবাচক না বলেও খুব বেশি ইতিবাচক অবস্থায় এসেছে এমনটি বলা যাবে না,'বিবিসি বাংলাকে বলছিলেন সিদ্দিকুর রহমান।

প্রসঙ্গত, সরকারি তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে বাংলাদেশ থেকে মোট পোশাক রপ্তানি ৯ দশমিক ৪৭ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে যা আগের বছরের একই সময়ের তুলনায় ১৩ দশমিক ১৫ শতাংশ বেশি। 'অর্থবছরের প্রথম ছয় মাস অর্থাৎ ২০২৩ সালের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত সময়ে রপ্তানি বেশ চ্যালেঞ্জিং ছিলো এবং এই বছরের জানুয়ারিতে সেটি পুনরুদ্ধার শুরু হয়েছে,' ফারুক হাসান বলেছেন তার বিবৃতিতে। তবে সাবেক সভাপতি সিদ্দিকুর রহমান বলছেন, পোশাক খাতের জন্য বৈশ্বিক চ্যালেঞ্জগুলো কাটেনি এবং সে কারণে এই প্রবৃদ্ধি কতটা ধরে রাখা যাবে কিংবা আর কতটা বাড়ানো যাবে, সেটি দেখতে হলে আরো অপেক্ষা করতে হবে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর হিসাবে, চলতি অর্থবছরের প্রথম আট মাসে তিন হাজার ২৮৬ কোটি ডলারের পোশাক রপ্তানি হয়েছে যা আগের অর্থ বছরের একই সময়ের তুলনায় ৪ দশমিক ৭৭ শতাংশ বেশি।

অর্থনীতিবিদ ড. মুস্তাফিজুর রহমান বলছেন, উত্তর আমেরিকা, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলো ও যুক্তরাজ্যের অর্থনীতি কিছুটা ভালো হতে শুরু করেছে। সে কারণেই সেখানকার বাজারগুলোতে চাহিদার কিছুটা চাঞ্চল্য তৈরি হয়েছে। 'আমার মনে হয় এ কারণেই ইউরোপ, আমেরিকায় রপ্তানি বেড়েছে। এছাড়া ডলারের তুলনায় টাকার অবমূল্যায়ন হওয়ার বিষয়টিকে উদ্যোক্তারা প্রতিযোগিতার সক্ষমতার জন্য কাজে লাগাতে পারছেন,' বিবিসি বাংলাকে বলছিলেন মি. রহমান। পোশাক খাতের সাথে জড়িতরা বলছেন, মূলত যুক্তরাজ্য, কানাডা ও যুক্তরাষ্ট্রের বাজার কিছুটা ইতিবাচক হওয়ার কারণেই চলতি বছরের প্রথম দুইমাসে রপ্তানি আগের বছরের একই সময়ে তুলনায় কিছুটা বেড়েছে। করোনা মহামারি ও পরে ইউক্রেন যুদ্ধের কারণে ইউরোপ আমেরিকার বাজার নিয়ে উত্থান-পতনের মধ্য দিয়েই যাচ্ছিলো পোশাক খাত।

ব্যবসায়ীরা মনে করছেন, এ দুটি বিষয়ের প্রভাবে পোশাক ক্রয় ক্রেতারা কমিয়ে দিলেও এখন আবার ব্যবসা বাড়তে শুরু করেছে। এছাড়া বাংলাদেশের দ্বাদশ সংসদ নির্বাচন আর পোশাক খাতের শ্রমিক ও কর্মপরিবেশ নিয়ে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন যে চাপ তৈরি করেছিলো সে পরিস্থিতিতে থেকেও কিছুটা বেরিয়ে এসেছে বাংলাদেশের পোশাক খাত। 'নির্বাচনের বিষয়টি ছিলো রাজনৈতিক। আমার জানা মতে, পশ্চিমা ক্রেতারা এ নিয়ে কখনো কোনো প্রশ্ন আমাদের করেনি,' বলছিলেন সিদ্দিকুর রহমান। তবে ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে রপ্তানি প্রবৃদ্ধি ক্রমাগত হ্রাস পাওয়ার ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত বিষয়ে পশ্চিমা চাপ ভূমিকা রেখেছিলো বলে মনে করেছিলেন অনেকে। যদিও ফারুক হাসান তার বিবৃতিতে প্রবৃদ্ধির ক্ষেত্রে ভূমিকা রাখা আরো একটি বিষয়ের কথা উল্লেখ করেছেন। সেটি হলো, অপ্রচলিত বাজারে রপ্তানি বৃদ্ধি। 'জানুয়ারি ও ফেব্রুয়ারিতে রপ্তানি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এ সময়ে এসব বাজারে রপ্তানি ১ দশমিক ৭৬ বিলিয়ন ডলারে পৌঁছেছে যা আগের বছরের একই সময়ে ছিলো ১ দশমিক ৬৪ বিলিয়ন ডলার ,' ফারুক হাসান বলেছেন তার বিবৃতিতে। সরকার ও বিজিএমইএ-এর তথ্য অনুযায়ী, অপ্রচলিত বাজার বলতে তুরস্ক, সৌদি আরব, চীন, সংযুক্ত আরব আমিরাত, রাশিয়া, অস্ট্রেলিয়া ও কোরিয়ান প্রজাতন্ত্রে রপ্তানি বৃদ্ধির কথা বলা হয়েছে। এছাড়া ইউরোপের বড় বাজার জার্মানিতে রপ্তানি গত কয়েকমাস ধরে কিছুটা কমলেও স্পেন, ফ্রান্স, ইতালি ও ডেনমার্কে রপ্তানি বৃদ্ধির কারণে সার্বিকভাবে ইউরোপে রপ্তানি কিছুটা বেড়েছে।

গত অর্থবছরেও একক দেশ হিসেবে বাংলাদেশের তৈরি পোশাক খাত সবচেয়ে বেশি আয় পেয়েছিলো যুক্তরাষ্ট্র থেকেই। কিন্তু তারপরেও এই বাজার চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছিলো কারণ ঐ বছর যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানি ক্রমাগত কমছিলো। ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে প্রায় আড়াই বিলিয়ন ডলার রপ্তানি কম হয়েছিলো যুক্তরাষ্ট্রের

বাজারে। অনেকেই মনে করেছিলো নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্র সরকারের সাথে টানাপড়েন আর শ্রম অধিকার নিয়ে যুক্তরাষ্ট্রের কঠোর অবস্থানের প্রভাব পড়তে শুরু করার কারণেই তখন রপ্তানি কমেছিলো। যদিও সিদ্দিকুর রহমানের মতে, ঐ সময় রপ্তানি কমেছিলো ব্যবসায়িক কারণে, যাতে বড় প্রভাব ছিলো রাশিয়া-ইউক্রেন যুদ্ধের। ড. মুস্তাফিজুর রহমান বলছেন, অপ্রচলিত বাজারে বাংলাদেশের অংশীদারিত্ব কিছুটা বাড়লেও এর বড় অংশই এখনো অধরা রয়ে গেছে। এই বাজার ধরতে পারলে তৈরি পোশাক খাতের রপ্তানি অনেকাংশে বাড়ানো সম্ভব বলেও মনে করেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## বাংলাদেশ বিদেশি ঋণ ১০০ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করেছে গত ডিসেম্বরেই

বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের দেয়া তথ্য বলছে, দেশটির বিদেশি ঋণ ১০০ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করেছে গত ডিসেম্বরেই। অর্থাৎ ডলার প্রতি মূল্য ১১০ টাকা করে হিসাব করলে বিদেশি বিভিন্ন উৎস থেকে নেয়া ঋণের পরিমাণ প্রায় এগারো লাখ কোটি টাকা। কেন্দ্রীয় ব্যাংক বৃহস্পতিবার ২০শে মার্চ ২০২৩ সালের ডিসেম্বর পর্যন্ত বিদেশি ঋণের হালনাগাদ তথ্য প্রকাশ করেছে। কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র গণমাধ্যমকে বলেছেন, ঋণের পরিমাণ একশো বিলিয়ন ডলার ছাড়ালেও তা জিডিপির তুলনায় বেশি নয়, বরং আরো ঋণ নেয়ার সামর্থ্য বাংলাদেশের আছে। বিশেষজ্ঞরা বলছেন, জিডিপির তুলনায় একশো বিলিয়ন ডলার ঋণ বেশি না হলেও রাজস্ব আয়, রপ্তানি এবং রেমিট্যান্স না বাড়াতে পারলে এবং একই সাথে বিদেশি ঋণের প্রবাহ কমিয়ে না আনতে পারলে এ ঋণই বিশাল চাপ তৈরি করতে পারে আগামী কয়েক বছরে। বিশেষ করে ডলার সংকটের কারণে বাংলাদেশের অর্থনীতি এমনিতেই চাপের মধ্যে রয়েছে এবং এর মধ্যেই চলতি বছর থেকেই বড় বড় কিছু প্রকল্পের ঋণের কিস্তি শোধ করাও শুরু হয়েছে। পাশাপাশি রপ্তানি ও রেমিট্যান্সও কাঙ্ক্ষিত আকারে বাড়ানো যাচ্ছে না। এমন পরিস্থিতিতে ডলারের সরবরাহ না বাড়ানো গেলে বিদেশি ঋণকে ঘিরে সংকট জোরালো হওয়ার আশঙ্কা তৈরি হতে পারে বলছেন বিশ্লেষকরা। বিশেষ করে যখন মেগা প্রকল্পগুলোর মূল অর্থ পরিশোধ শুরু হবে তখন পরিস্থিতি কেমন হয় তা নিয়েই উদ্বিগ্ন অনেকে।

সরকারি তথ্য অনুযায়ী, কিছু মেগা প্রকল্পের মূল অর্থ পরিশোধ শুরু হবে ২০২৬-২৭ অর্থবছরে এবং সেই বছরে ৫৩১ মিলিয়ন ডলার পরিশোধ করার কথা রয়েছে। এরপর ২০২৭-২৮ অর্থবছরে ৫১৯ মিলিয়ন ডলার এবং ২০২৮-২৯ সালে ৫০৭ মিলিয়ন ডলার শোধ করার আশা করছে সরকার। অন্যদিকে, ২০২২-২৩ বছর থেকেই যে বৈদেশিক ঋণ শোধ করা শুরু হয়েছে সেগুলো মূলত ঋণের সুদ। সরকারি হিসাব মতে, আগামী জুলাই থেকে শুরু হওয়া অর্থবছরে বিদেশি ঋণ হিসাবে চার দশমিক ১৮ বিলিয়ন ডলার শোধের পরিকল্পনা আছে সরকারের। এরপর ২০২৫-২৬ অর্থবছরে সুদসহ বৈদেশিক ঋণ পরিশোধের পরিমাণ দাঁড়াবে অন্তত সাড়ে চার বিলিয়ন ডলারে। প্রসঙ্গত, বাংলাদেশ বিভিন্ন মেগা প্রকল্পে মূলত ভারত, চীন এবং রাশিয়ার কাছ থেকেই ঋণ নিয়েছে বেশি। এসব প্রকল্প সময়মত শেষ না করতে পারলে ঋণ আরো বাড়তে পারে। তবে সব মিলিয়ে একটি দেশের বিদেশি ঋণ হচ্ছে, ঐ দেশটি বিভিন্ন দেশ, বিদেশি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, আন্তর্জাতিক সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কাছ থেকে যে ঋণ নেয় সেটি। বাংলাদেশ সাধারণত বিশ্ব ব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল, এশীয় উন্নয়ন ব্যাংক এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছ থেকে ঋণ নিয়ে থাকে।

ঢাকায় বিশ্ব ব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলছেন, জিডিপির অনুপাতে বিদেশি ঋণ এখনো কম। এটি সত্যি, কিন্তু এ নিয়ে সন্তুষ্ট থাকার কোন অবকাশ নেই। 'মনে রাখতে হবে ঋণের ব্যবহার কেমন হচ্ছে এবং সেখান থেকে ডলারের অঙ্কে উৎপাদনশীলতা আসছে কি না, এটি নিশ্চিত করতে না পারলে সংকট তৈরি হবে সামনে,' বলছিলেন জাহিদ হোসেন। অর্থনীতিবিদদের হিসাবে জিডিপির অনুপাতে বিদেশি ঋণের পরিমাণ এখন ২৩ থেকে ২৫ শতাংশের মতো। আবার বিদেশি ঋণ হিসেবে যে অর্থ বাংলাদেশ নিয়েছে তার মধ্যে বিভিন্ন ধরণের ঋণ আছে। মি. হোসেন বলছেন, সাম্প্রতিককালে বাংলাদেশের দ্বিপাক্ষিক ঋণ বেশী বেড়েছে। এগুলোর মেয়াদ কম কিন্তু খরচ বেশি। যেমন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য রাশিয়ার কাছ থেকে এবং পদ্মা সেতুতে রেল লাইন সংযোগ প্রকল্পের জন্য চীন বাণিজ্যিক চুক্তিতে শর্তযুক্ত ঋণ নিয়েছে বাংলাদেশ। 'এখন ধরুন, রূপপুর থেকে বিদ্যুৎ সরবরাহ আসলো এবং সেটি অর্থনীতিতে ভূমিকা রাখলো। দেশের রপ্তানিও বাড়লো। তাহলে সমস্যা হবে না। কিন্তু যদি প্রকল্প পেছাতে থাকে এবং সময়মত রিটার্ন না আসে তাহলেই ঋণটা চাপ হয়ে উঠবে,' বলছিলেন মি. হোসেন। আবার ডলার প্রবাহ না থাকলে সেটাও বহিঃবাণিজ্যিক ভারসাম্যে যেমন চাপ তৈরি করবে তেমনি বাজেটেও চাপ তৈরি করবে। সেক্ষেত্রে রাজস্ব আদায় না বাড়লেও ঋণ পরিশোধ কিন্তু সরকারকে করতেই হবে। সে কারণে পলিসি রিসার্চ ইন্সটিটিউটের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলছেন, বিদেশি ঋণ জিডিপির তুলনায় যেমনই হোক দেখতে হবে সেটি রপ্তানির বিবেচনায় কেমন। 'এভাবে দেখলে বিষয়টি হবে অস্বস্তির, কারণ সত্যিকার অর্থে রপ্তানির প্রবৃদ্ধি এখন কম। অথচ ঋণটা দ্রুত বাড়ছে,' বিবিসি বাংলাকে বলছিলেন আহসান এইচ মনসুর। তবে তা সত্ত্বেও একশো বিলিয়ন ডলার বিদেশি ঋণ হয়ে গেছে বলে এতে ঠিক সংকট বলতে চান না তিনি। বরং তার ভাষ্য হলো এটি অস্বস্তির।

আহসান এইচ মনসুর মনে করেন, বিদেশি ঋণ নিয়ে এ অস্বস্তি মোকাবেলা করতে হলে এখনই ঋণ প্রবাহ কমিয়ে আনতে হবে, বিশেষ করে বাণিজ্যিক শর্তে ঋণ নেয়া অর্থাৎ সাপ্লাইয়ার্স ক্রেডিট কমাতে হবে। 'রাজস্ব আয়, রপ্তানি ও

রেমিট্যান্স বাড়াতে হবে। তবে বাস্তবতা হলো রপ্তানি নির্ভরশীল হয়ে আছে একটি পণ্যের উপর, যা অত্যন্ত ঝুঁকির বিষয়। আবার রেমিট্যান্স প্রত্যাশিত হারে বাড়ছে না। অর্থ পাচারের কারণে রেমিট্যান্সে প্রবৃদ্ধি হচ্ছে না। তবে আমরা যদি দক্ষ শ্রমিক পাঠাতে পারতাম তাহলে এক্ষেত্রে প্রবৃদ্ধি অনেক বাড়তো,' বিবিসি বাংলাকে বলছিলেন আহসান এইচ মনসুর। জাহিদ হোসেনও বলছেন যে রপ্তানি ও রেমিট্যান্স না বাড়াতে পারলে বিদেশি ঋণ ভবিষ্যতে সংকটের জন্ম দিতে পারে। 'রাজস্ব আয় না বাড়ালে সরকারের ব্যয় কমানো একটি বিকল্প হতে পারে। এছাড়া নতুন ঋণ দিয়ে পুরোনো ঋণ পরিশোধ অর্থাৎ রিফাইনান্সিংও অন্য একটি বিকল্প হতে পারে। তবে যেসব ব্যয় এখনই দরকার নেই, সেগুলো থেকে সরকার বিরত থাকলে ঋণের চাপ কমবে,' বলছিলেন মি. হোসেন।

এই দুইজন অর্থনীতিবিদই মনে করেন, বিদেশি ঋণের বিপরীতে টাকায় অর্থাৎ স্থানীয় মুদ্রায় রিটার্ন আসার কারণে ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়ন হওয়ার কারণেও বিদেশি ঋণের ব্যয় বেড়ে যেতে পারে। সেজন্য বিভিন্ন প্রকল্পে ব্যবহারের জন্য যে বিদেশি ঋণ অপেক্ষমাণ আছে সেগুলোর অতিরিক্ত সুদের ব্যয় এড়াতে দ্রুত ব্যবহার দরকার বলেও মনে করেন তারা। তবে, এত সতর্কতা ও উদ্বেগ থাকা সত্ত্বেও আগামী দুটি অর্থ বছরে সরকারের বিদেশি ঋণের পরিমাণ আরো বাড়ার সম্ভাবনা আছে বলে ধারণা করা হচ্ছে। এর বিপরীতে রাজস্ব আদায়ে যে লক্ষ্যমাত্রা চলতি অর্থবছরে নির্ধারণ করা হয়েছিলো সেটি কতটা অর্জিত হয় তা নিয়েও অর্থনীতিবিদদের মনে সংশয় আছে। চলতি অর্থবছর অর্থাৎ ২০২৩-২৪ অর্থবছরে পাঁচ লাখ কোটি টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ঠিক করেছিলো সরকার। এ সময়ের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের চার লাখ ৩০ হাজার কোটি টাকা আদায় করার কথা। আর বাকি অর্থ অন্য উৎস থেকে সংগ্রহ করার কথা রয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## ভয়েস অফ আমরিকা

### বাংলাদেশ-নেপাল বাণিজ্য সম্প্রসারণে দুই দেশের সংশ্লিষ্ট মন্ত্রীদের আলোচনা

নেপালের কাকরভিটা স্থলবন্দরকে বাংলাদেশের বাংলাবান্ধা স্থলবন্দরের সঙ্গে যুক্ত করার উপায় নিয়ে আলোচনা করেছেন বাংলাদেশের নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী ও নেপালের বাণিজ্যমন্ত্রী দামোদর ভান্ডারী। শনিবার (২৩ মার্চ) নেপালের রাজধানী কাঠমান্ডুর একটি হোটেলে এই আলোচনা অনুষ্ঠিত হয়। এ সময় তারা দুই দেশের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট দিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করে। আলোচনায়, স্থলপথে বাংলাদেশ-নেপাল বাণিজ্য সম্প্রসারণের বিভিন্ন দিক স্থান পায়। উভয় পক্ষ বাংলাবান্ধা ও কাকরভিটার মধ্যে সহজ যোগাযোগ ব্যবস্থা ও বাণিজ্য সম্প্রসারণের উপর গুরুত্ব আরোপ করেন। প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী শনিবার সকালে নেপালের কাকরভিটা স্থলবন্দর পরিদর্শন করেন। পরে, কাকরভিটা থেকে ভদ্রপুর বিমানবন্দর দিয়ে কাঠমান্ডুতে পৌঁছান তিনি। নেপালের কাকরভিটা স্থলবন্দর বাংলাদেশের বাংলাবান্ধা স্থলবন্দর থেকে ৩৭ কিলোমিটার দূরত্বে অবস্থিত। এই ৩৭ কিলোমিটার ভূ-খণ্ড ভারতের অংশ। ভারতের ৩৭ কিলোমিটার ভূমি সরাসরি ব্যবহার করে নেপাল কিভাবে বাংলাদেশের সঙ্গে যুক্ত হতে পারে সে বিষয়ে আলোচনা হয় বৈঠকে। এই রুট সরাসরি ব্যবহারের উপায় বের করতে বাংলাদেশ, ভারত ও নেপাল একসঙ্গে কাজ করবে। এর আগে প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী শুক্রবার (২২ মার্চ) পঞ্চগড় জেলার বাংলাবান্ধা স্থলবন্দর দিয়ে ভারতের পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি জেলার ফুলবাড়ী স্থলবন্দর হয়ে ভুটানের ফুন্টশোলিং সীমান্ত পরিদর্শনে যান। সেখানে খালিদ মাহমুদ চৌধুরীকে স্বাগত জানান ফুন্টশোলিং-এর গভর্নর কারমি জারমি। এরপর তারা পাসাখা স্থলবন্দর পরিদর্শনে যান। খালিদ মাহমুদ চৌধুরী এবং কারমি জারমি, বাংলাদেশ ও ভুটানের মধ্যে বাণিজ্য সম্প্রসারণের বিষয়ে আলোচনা করেন। বাংলাবান্ধা থেকে ভুটানের ফুন্টশোলিং সীমান্ত এলাকার দূরত্ব ১৪২ কিলোমিটার। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

### স্থিতিস্থাপক সমাজ গড়তে নারীর শক্তিশালী ভূমিকা প্রয়োজন : সাবের হোসেন চৌধুরী

জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে স্থিতিস্থাপক সমাজ গড়ে তুলতে নারীরা শক্তিশালী ভূমিকা পালন করতে পারে বলে জানিয়েছেন বাংলাদেশের পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। শনিবার (২৩ মার্চ) রাজধানী ঢাকার পার্লামেন্ট ক্লাব মিলনায়তনে সার্ক বিজনেস কাউন্সিল অফ উইমেনস ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত এক সেমিনারে এ কথা বলেন তিনি। সহযোগিতামূলক প্রচেষ্টা ও সম্মিলিত পদক্ষেপ আরো স্থিতিস্থাপক ও টেকসই বিশ্ব বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে উল্লেখ করেন সাবের হোসেন চৌধুরী। তিনি বলেন, জলবায়ু সমস্যা মোকাবেলা করার জন্য মূল স্টেকহোল্ডার হিসেবে নারীদের সম্ভাবনাকে কাজে লাগাতে হবে। বাংলাদেশের পরিবেশমন্ত্রী জানান, বিদেশিরা এখন বাংলাদেশের কাছ থেকে জলবায়ু পরিবর্তন মোকাবেলার কৌশল শিখতে আগ্রহী। যাইহোক, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় যে পদক্ষেপ নেয়া হয়েছে তা যথেষ্ট নয় সাবের হোসেন চৌধুরী যোগ করেন। তিনি আরো বলেন, এর জন্য সঠিক গবেষণা প্রয়োজন। এছাড়া, বেসরকারি খাতসহ সবাইকে নিয়ে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা প্রয়োজন বলে অভিমত দেন তিনি। সেমিনারে নীতি নির্ধারক, পরিবেশ বিশেষজ্ঞ, নারী নেত্রী এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## ইউনেস্কো ২০২৫ সালে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের রজত জয়ন্তী উদযাপন করবে

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের রজত জয়ন্তী পালন করবে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো। সংস্থাটির নির্বাহী পর্ষদের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। শুক্রবার (২২ মার্চ) প্যারিসে অবস্থিত ইউনেস্কো সদর দপ্তরে অনুষ্ঠিত নির্বাহী পর্ষদের ২১৯তম সভায় বাংলাদেশ এ সংক্রান্ত প্রস্তাব উত্থাপন করে। প্রস্তাবের প্রতি ৬৩টি সদস্য রাষ্ট্র সমর্থন জানায়। ফলে প্রস্তাবটি সর্বসম্মতভাবে পাস হয়। ইউনেস্কোর এই সিদ্ধান্তে মাতৃভাষা সংরক্ষণ ও প্রচার কার্যক্রমকে টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নের অন্যতম নিয়ামক হিসেবে চিহ্নিত করা হয়েছে। আর, এ বিষয়ে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেছে নির্বাহী পর্ষদ। এছাড়া, ভাষার সার্বজনীন ব্যবহার নিশ্চিত করা ও প্রতিবন্ধকতা নিরসনের লক্ষ্যে ইশারা ভাষাগুলোকে সকল মাতৃভাষার মতো সমান গুরুত্ব ও সম্মানের সঙ্গে সংরক্ষণের আহবান জানানো হয়েছে। এ সিদ্ধান্তের ফলে ২০২৫ সালের ২১ ফেব্রুয়ারি ইউনেস্কোর সদর দপ্তর, আঞ্চলিক ও স্থানীয় দপ্তরগুলোতে দিবসটির রজত জয়ন্তী পালনের অনুমোদন দিয়েছে নির্বাহী পর্ষদ। আর সংস্থার সব সদস্য রাষ্ট্রকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের রজত জয়ন্তী পালনের অনুরোধ জানানো হয়েছে। বাংলাদেশের প্রস্তাব নির্বাহী পর্ষদের অনুমোদন লাভের পর, বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত খন্দকার এম তালহা ইউনেস্কোর সকল সদস্য রাষ্ট্রকে ধন্যবাদ জানান। এ সিদ্ধান্তের ফলে আগামী বছর মাতৃভাষা সংরক্ষণে দেশে ও বিদেশে বড় পরিসরে নানা কর্মসূচি গৃহীত হবে বলে আশা প্রকাশ করেন রাষ্ট্রদূত খন্দকার এম তালহা। উল্লেখ্য, ১৯৯৯ সালে ইউনেস্কোর ৩০তম সাধারণ পরিষদের সভায় ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়।
(ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## জিম্মি জাহাজ এমভি আবদুল্লাহ'র উপর কড়া নজর রাখছে ভারতের নৌবাহিনী

সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ'র ওপর ভারতের নৌবাহিনী কড়া নজর রাখছে বলে জানিয়েছেন ভারতের নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল হরি কুমার। জাহাজটিকে সোমালিয়ায় নিয়ে যাওয়া হয়েছে বলে জানান তিনি। শনিবার (২৩ মার্চ) অ্যাডমিরাল আর হরি কুমার বলেন, ভারত মহাসাগরে নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে ভারতের নৌবাহিনী ইতিবাচক পদক্ষেপ নেবে। এডেন উপসাগর, আরব সাগর ও লোহিত সাগরে ড্রোন বিধ্বংসী, ক্ষেপণাস্ত্র বিধ্বংসী ও জলদস্যু বিরোধী আক্রমণে ভারতীয় নৌবাহিনীর অভিযানের ১০০ দিন সম্পর্কে কথা বলার সময় এ কথা বলেন তিনি। অ্যাডমিরাল হরি কুমার বলেন, আগে প্রতিদিন ৫৪ থেকে ৫৫ টি জলদস্যু বিরোধী জাহাজ থাকতো। এখন তা বেড়ে দাঁড়িয়েছে ৬৪ থেকে ৬৫টিতে। ভারতের নৌবাহিনী তাদের কাজ সম্পর্কে খুব স্পষ্ট। ভারত মহাসাগর, আমাদের নামে নামকরণ করা হয়েছে। আমরা যদি ব্যবস্থা না নিই তাহলে কে নেবে বলেন ভারতের নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল আর হরি কুমার। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## প্রযুক্তি নির্ভর পুলিশ বাহিনী গড়ে তোলা এখন সময়ের প্রয়োজন : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন প্রতিনিয়ত নতুন প্রযুক্তি বিকশিত হওয়ায় নতুন চ্যালেঞ্জ সামনে আসছে। আর সেসব চ্যালেঞ্জ মোকাবেলায় প্রযুক্তিভিত্তিক পুলিশ বাহিনী গড়ে তোলা এখন সময়ের প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে আসাদুজ্জামান আরো বলেন। শনিবার (২৩ মার্চ) সকালে পুলিশ স্টাফ কলেজের সম্মেলন কক্ষে আয়োজিত পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার সিকিউরিটি এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। দেশে অপরাধ দমনে দক্ষ পুলিশ বাহিনী গড়ে তুলতে সরকার কাজ করে যাচ্ছে আরো জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন স্মার্ট পুলিশ বাহিনী গড়ে তুলতে পুলিশ স্টাফ কলেজের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার সিকিউরিটি কোর্স অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। দশ মাসের এই কোর্সে বাংলাদেশের বিভিন্ন পদমর্যাদার পুলিশ কর্মকর্তা অংশ নিচ্ছেন। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## ভুটানের রাজা ওয়াংচুক চার দিনের বাংলাদেশ সফরে আসছেন সোমবার

ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক ৪ দিনের সফরে সোমবার (২৫ মার্চ) বাংলাদেশে আসছেন। বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ভুটানের রাজাকে অভ্যর্থনা জানাবেন। বাংলাদেশের রাজধানী ঢাকায় পৌঁছালে তাকে গান স্যালুট ও গার্ড অফ অনার দেয়া হবে। রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক-কে বহনকারী বিশেষ ফ্লাইট সোমবার (২৫ মার্চ) সকাল ১০টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করার কথা রয়েছে। বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানাতে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে যাবেন রাজা ওয়াংচুক। সোমবার বিকেলে ভুটানের রাজা বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করবেন। তাদের দুজনের একটি বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন শীর্ষ পর্যায়ের এই বৈঠকে দুই পক্ষের মধ্যে বেশ কয়েকটি সমঝোতা স্মারক সই হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতের আগে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ রাজা ওয়াংচুকের সঙ্গে সাক্ষাৎ করবেন। মঙ্গলবার (২৬ মার্চ) ভুটানের রাজা সাভারে জাতীয় স্মৃতিসৌধ পরিদর্শন করবেন। বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে ভুটানের রাজা সাভারে জাতীয় স্মৃতিসৌধে মহান স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন। সেখানে তিনি একটি বৃক্ষরোপণ করবেন। পরে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট

পরিদর্শন করবেন ভুটানের রাজা। তিনি বঙ্গভবন পরিদর্শন করবেন, সেখানে বাংলাদেশের রাষ্ট্রপতি ও ফার্স্ট লেডি তাকে অভ্যর্থনা জানাবেন। মঙ্গলবার বিকাল সাড়ে ৪টায় রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের সঙ্গে বৈঠক করবেন রাজা ওয়াংচুক। সফররত রাজপরিবারের সম্মানে ইফতার ও নৈশভোজের আয়োজন করবেন বাংলাদেশের রাষ্ট্রপতি। বুধবার(২৭ মার্চ) সকালে ভুটানের রানী জেটসুন পেমা ওয়াংচুক ও ভুটানের প্রতিনিধি দলের সদস্যরা একটি বিশেষ ফ্লাইটে ভুটানের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানা ও পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন বিমানবন্দরে তাদের বিদায় জানাবেন। ভুটানের রাজা পদ্মা সেতু ও বাংলাদেশ বিশেষ অর্থনৈতিক অঞ্চল আড়াইহাজার, নারায়ণগঞ্জ পরিদর্শন করবেন। বৃহস্পতিবার (২৮ মার্চ) কুড়িগ্রামের বিশেষ অর্থনৈতিক অঞ্চল পরিদর্শন করবেন রাজা ওয়াংচুক। বৃহস্পতিবার বিকালে সোনাহাট স্থলবন্দর হয়ে আসামের গোপালগঞ্জ-এর উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করবেন তিনি। বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী তাকে বিদায় জানাবেন। উল্লেখ্য, ১৯৭১ সালের ৬ ডিসেম্বর ভুটান বাংলাদেশকে স্বীকৃতি দেয়। বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম দেশ ভুটান। তখন থেকে বাংলাদেশ ও ভুটানের মধ্যে একটি বহুমাত্রিক দ্বিপক্ষীয় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের স্বাধীনতার পরপর ভুটান সরকার বাংলাদেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের উদ্যোগ নেয়। এরপর, ১৯৭৩ সালের ১২ এপ্রিল আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয় দুই দেশের মধ্যে। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## জাহাজ ছিনতাই বিচারের মুখোমুখি হতে ভারতে আনা হয়েছে ৩৫ জন সোমালি জলদস্যুকে

ভারত শনিবার ৩৫ জন অভিযুক্ত সোমালি জলদস্যুকে তাদের গ্রেফতারের কয়েকদিন পর মুম্বাইতে নিয়ে আসে। নৌ কমান্ডোরা একটি ছিনতাইকৃত মালবাহী জাহাজ পুনরুদ্ধার করার সময় তাদের গ্রেপ্তার করে এবং বেশ কয়েকজন জিম্মিকে উদ্ধার করে। ২০১৭ সালের পর ডিসেম্বরে মাল্টার পতাকাবাহী এমভি রুয়েনের ছিনতাইয়ের ঘটনাটি এই প্রথমবারের মতো সোমালি জলদস্যুদের দ্বারা সফলভাবে কোনো মালবাহী জাহাজের দখল নেয়ার ঘটনা। ভারতীয় কমান্ডোরা ১৭ মার্চ সোমালিয়া উপকূল থেকে প্রায় ২৬০ নটিক্যাল মাইল (৪৮০ কিলোমিটার) দূরে জাহাজটিকে নিজেদের নিয়ন্ত্রণ নেয়। নৌ বাহিনীর এক বিবৃতিতে বলা হয়, উদ্ধার অভিযানের নেতৃত্বদানকারী ডেস্ট্রয়ার আইএনএস কলকাতা ছিনতাইয়ের জন্য অভিযুক্ত ৩৫ জনকে নিয়ে শনিবার ভোরে মুম্বাই পৌঁছেছে। এতে আরও বলা হয় যে, এই অভিযানটি আন্তর্জাতিক আইনের নীতি এবং এই অঞ্চলে নিরাপদ সমুদ্র এবং সামুদ্রিক নিরাপত্তা নিশ্চিত করার প্রতিশ্রুতি বজায় রেখেছে। নৌ বাহিনীর মুখপাত্র বিবেক মাধওয়াল বলেন, এই সপ্তাহে এক দশকেরও বেশি সময়ের মধ্যে প্রথমবারের মতো সমুদ্রে আটক করা ব্যক্তিদের জলদস্যুতার অভিযোগে ভারতীয় উপকূলে বিচারের আওতায় আনা হবে। ভারতের জলদস্যুতা বিরোধী আইনের অধীনে, ব্যক্তিদের মৃত্যুদণ্ডের সম্মুখীন হতে হয় যদি তারা হত্যা বা হত্যার চেষ্টার জন্য দোষী সাব্যস্ত হয়, এবং শুধুমাত্র জলদস্যুতার জন্য যাবজ্জীবন কারাদণ্ডের সম্মুখীন হয়। গত শনিবারের উদ্ধারকার্য ছিল ৪০ ঘণ্টার অভিযানের চূড়ান্ত পরিণতি।

'মাদার শিপ'

সোমালি জলদস্যুরা অতীতে আরও বেশি দূরত্ব অতিক্রম করতে সক্ষম একটি "মাদার শিপ" দখল করার চেষ্টা করেছিল যাতে তারা আরও বড় জাহাজকে লক্ষ্যবস্তু করতে পারে। ইউরোপীয় ইউনিয়নের নৌ বাহিনী জানায়, জলদস্যুরা ১২ মার্চ বাল্ক ক্যারিয়ার এমভি আবদুল্লাহকে সফলভাবে ছিনতাই করার জন্য এমভি রুয়েন ব্যবহার করে থাকতে পারে। বাংলাদেশের পতাকাবাহী এমভি আবদুল্লাহ তখন থেকে সোমালি জলসীমায় রয়েছে, সাথে এর ২৩ সদস্যের নাবিকের দল এখনও জিম্মি রয়েছে। ইরানের পতাকাবাহী তিনটি মাছ ধরার জাহাজ উদ্ধার অভিযানসহ এই বছর ভারতের নৌ বাহিনী কমপক্ষে ১৮ জন সন্দেহভাজন জলদস্যুকে আটক করেছে। এই ছিনতাইকারীদের ভাগ্য সম্পর্কে কোনও তথ্য এখনও প্রকাশ করা হয়নি। (ভোয়া ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

# রেডিও তেহরান

## রাজনৈতিক কোনো ইস্যু না পেয়ে বিএনপি ভারত বিরোধিতা শুরু করেছে : ওবায়দুল কাদের

বাংলাদেশে রাজনৈতিক কোনো ইস্যু না পেয়ে বিএনপি ভারত বিরোধিতা শুরু করেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন,'পাকিস্তান আমল থেকে যে অপপ্রচার শুনেছি, কোনো রাজনৈতিক ইস্যু যখন থাকে না, তখন একটাই ইস্যু আওয়ামী লীগের বিরুদ্ধে নিয়ে আসে তারা। আগে বঙ্গবন্ধুর বিরুদ্ধে আনতো আর এখন শেখ হাসিনার বিরুদ্ধে আনে। সেটা হচ্ছে ভারত বিরোধিতার ইস্যু। আজ শনিবার রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এক অনুষ্ঠানে সেতুমন্ত্রী এ কথা বলেন। এদিকে, বাংলাদেশের জাতীয়তাবাদী দল বিএনপির ভাইস চেয়ারম্যান অবসরপ্রাপ্ত মেজর হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম বলেছেন, দিল্লির অধীনস্থ হওয়ার জন্য বাংলাদেশে মুক্তিযুদ্ধ হয়নি এবং দেশের জনগণ কোন গোলামী মেনে নেবে না। আজ ঢাকায় এক আলোচনা সভায় তিনি বলেন, বাংলাদেশকে নতজানু রাষ্ট্রে পরিণত করেছে আওয়ামী লীগ সরকার। তারা সব সময় বিদেশী শক্তির দিকে তাকিয়ে থাকে। জনগণের প্রতি সরকারের কোন দায়বদ্ধতা নেই। বিএনপি'র এই নেতা আরো বলেন, দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে জনগণের নাভিশ্বাস উঠেছে। বিএনপি জনগণের জন্য আন্দোলন করছে তাই দেশবাসীর এই আন্দোলনে অংশ নেয়া উচিত।

(রেডিও তেহরান: ২০৩০ ঘ. ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

**ভারত পেঁয়াজ রপ্তানির উপর যে নিষেধাজ্ঞা আরোপ করেছিল তা অনির্দিষ্টকালের জন্য বাড়ানো হয়েছে**

ভারত পেঁয়াজ রপ্তানির উপর যে নিষেধাজ্ঞা আরোপ করেছিল তা অনির্দিষ্টকালের জন্য বাড়ানো হয়েছে। ভারতের এই সিদ্ধান্তের কারণে বাংলাদেশসহ বিশ্বের অনেক দেশে পেঁয়াজের দাম বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ভারত বিশ্বের সবচেয়ে বড় পেঁয়াজ রপ্তানিকারক দেশ। গত ডিসেম্বরে এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল যার মেয়াদ ছিল ৩১ মার্চ পর্যন্ত। বার্তা সংস্থা রয়টার্স বলছে, ভারতের ব্যবসায়ীরা আশা করেছিলেন যে রপ্তানির উপর নিষেধাজ্ঞা বরং দ্রুত তুলে নেয়া হবে কারণ রপ্তানি বন্ধ করার পর স্থানীয় বাজারে পেঁয়াজের দাম অর্ধেকে নেমে এসেছে একইসঙ্গে নতুন উৎপাদিত পেঁয়াজও বাজারে এসেছে। তবে গতকাল শুক্রবার দিন শেষে সরকার এক আদেশ জারি করে বলে দিয়েছে রপ্তানির উপর চলমান নিষেধাজ্ঞা এখনই উঠছে না, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

**উপজেলা নির্বাচনে ক্ষমতাসীনদের তৃণমূলে সংঘাত বাড়বে**

উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণার পর পরই মাঠে প্রার্থীদের ছড়াছড়ি। এবার নির্বাচন দলীয় প্রতীকে হবে না। থাকবে না দলীয় মনোনয়ন। তাই চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান আওয়ামী লীগ থেকেই অনেক প্রার্থী হচ্ছেন এক উপজেলায়। আর বিএনপি দলের সমস্যদের নির্বাচনে না দাঁড়াতে কঠোর হুঁশিয়ারি দিলেও কিছু কিছু উপজেলায় তাদের থামানো যাবে না বলেই মনে হচ্ছে। ২১শে মার্চ নির্বাচন কমিশন প্রথম ধাপে ১৫২টি উপজেলায় নির্বাচনের তফসিল ঘোষণা করেছে। দেশে মোট ৪৯৫টি উপজেলার প্রথম ধাপের ১৫২ টি উপজেলায় নির্বাচন হবে ৮ই মে। ঘোষিত তফসিল অনুযায়ী প্রথম ধাপে রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা দেওয়া যাবে ১৫ই এপ্রিল পর্যন্ত। মনোনয়নপত্র বাছাই হবে ১৭ই এপ্রিল, প্রত্যাহারের শেষ সময় ২২শে এপ্রিল। ১৫২ উপজেলার মধ্যে ২২ উপজেলায় ভোট হবে ইভিএমে। প্রথম ধাপের পর ২৩শে মে দ্বিতীয়, ২৯শে মে তৃতীয় এবং ৫ই জুন শেষ ধাপের ভোট হবে। এসব উপজেলায় চেয়ারম্যান, সাধারণ ভাইস চেয়ারম্যান ও সংরক্ষিত ভাইস চেয়ারম্যান পদে এই নির্বাচন হয়ে থাকে।

এবার আওয়ামী লীগ দলীয় প্রতীকে নির্বাচনে অংশ নেবে না। তারা কোনো প্রার্থীকেও মনোনয়ন দেবে না। এটা তারা আগেই নির্বাচন কমিশনে জানিয়ে দিয়েছে। ফলে উপজেলা নির্বাচনে এবার প্রার্থী অনেক বেশি হবে। ইতোমধ্যে ঐ প্রার্থীরা তাদের কাজ শুরু করে দিয়েছেন। আর অন্যান্য দল থেকেও একাধিক প্রার্থী হবে। বিএনপি এই নির্বাচনে অংশ না নেয়ার সিদ্ধান্ত ইতোমধ্যে জানিয়ে দিয়েছে। তবে স্থানীয় পর্যায়ে অনেকে এই সিদ্ধান্তের বাইরে গিয়ে প্রার্থী হতে পারেন বলে জানা গেছে। কারণ দলীয় কোনো প্রতীক না থাকায় তার সুবিধা তারাও নেবেন। কিন্তু আওয়ামী লীগের সিদ্ধান্তে এই নির্বাচনে তৃণমূলস্তরে দ্বন্দ্ব আরো প্রকট হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। সংসদ নির্বাচনে এবার যে দ্বন্দ্ব তৈরি হয়েছে তা আরো বিস্তৃত হওয়ার আশঙ্কা আছে। আওয়ামী লীগের স্বতন্ত্র যে ৬২ জন সংসদ সদস্য হয়েছেন তারা চাইবেন উপজেলায় তাদের প্রার্থীদের পাস করিয়ে অবস্থান আরো সংহত করতে। দল কাউকে মনোনয়ন না দিলেও প্রত্যেক এলাকার এমপির সমর্থনে ইতোমধ্যে প্রার্থীরা আত্মপ্রকাশ করেছেন। এদিকে বিরোধী আওয়ামী শিবিরও তাদের প্রার্থী নিয়ে মাঠে নামছেন। ফলে উপজেলা নির্বাচনে এক আওয়ামী লীগ থেকেই একাধিক প্রার্থী থাকবেন। তৃনমূলের নেতা-কর্মীরাও সেভাবে ভাগ হয়ে যাবে।

বরিশালের বানারিপাড়া উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা শরিফুদ্দিন আহমেদ কিসলু বলেন, 'এবার দলীয়ভাবে নির্বাচন না হওয়ায় প্রার্থী অনেক বেশি হবে। অনেকেই তাদের জনপ্রিয়তা যাচাই করতে নামবেন। আমাদের উপজেলায় আওয়ামী লীগ থেকেই চেয়ারম্যান পদে একাধিক প্রার্থী হচ্ছেন। এর ফলে তৃণমূল আওয়ামী লীগে দ্বন্দ্ব ও বিভেদ বাড়বে।' তার কথায়, 'তারপরও দলের এই সিদ্ধান্তের কারণে নির্বাচন প্রতিযোগিতামূলক হবে এবং ভোট কেন্দ্রে ভোটারের উপস্থিতি বাড়বে।' তিনি বলেন, 'আগে স্থানীয় সরকারের নির্বাচনে কেউ দলীয় মনোনয়ন নিয়ে বৈতরণী পার হতেন। এবার আর তা হবে না। ভোট নিরপেক্ষ ও অবাধ হলে জনপ্রিয় প্রার্থীরা পাস করবেন। যারা সব সময় সাধারণ মানুষের সঙ্গে থাকেন তারা সুবিধা পাবেন।' আর উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাকির সরদার জানান, 'ইতোমধ্যে আমার উপজেলায় আওয়ামী লীগ থেকে চেয়ারম্যান পদে চারজন প্রার্থী মাঠে নেমেছেন। বর্তমান চেয়ারম্যানসহ থানা আওয়ামী লীগের গুরুত্বপূর্ণ পদে আছেন তারা।' তিনি বলেন, 'ইতোমধ্যে উপজেলা আওয়ামী লীগে বিভাজন, গ্রুপিং শুরু হয়ে গেছে। যার যার মতো মাঠে নেমেছেন। হুমকি-ধামকি শুরু হয়ে গেছে।' এ প্রশ্নের জবাবে তিনি বলেন, 'এই পরিস্থিতি সারাদেশে। আওয়ামী লীগ থেকে অনেক প্রার্থী। দলীয় মনোনয়ন এবার তুলে দেয়ায় যে যার মতো দাঁড়িয়ে যাচ্ছেন। এতে সংঘাত-সংঘর্ষেরও আশঙ্কা আছে।' পিরোজপুরের নাজিরপুর উপজেলা আওয়ামী লীগের সাবেক প্রচার সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান শেখ মোস্তাফিজুর রহমান মনে করেন, 'এমপি-মন্ত্রীরা যার যার এলাকায় তাদের প্রার্থীদের জয়ী করতে নানাভাবে প্রভাব বিস্তারের চেষ্টা করতে পারেন। তারা চাইবেন তাদের অনুসারীরা যাতে জিতে আসেন। এ বিষয়ে কেন্দ্র থেকে তাদের বিরত করতে স্পষ্ট নির্দেশনা থাকা দরকার।' নির্বাচনে এবার আওয়ামী লীগ থেকে একই পদে অনেক প্রার্থী।

২০১৯ সালের উপজেলা পরিষদ নির্বাচনে বিএনপি অংশ নেয়নি। আওয়ামী লীগ দলীয় প্রতীকে অংশ নেয়। তারপরও প্রায় প্রত্যেক উপজেলায় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী ছিলো। ৩২ শতাংশ উপজেলায় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থীরা স্বতন্ত্র হিসাবে নির্বাচন করে জয়ী হয়। আর ওই নির্বাচনে ১১৫ জন আওয়ামী লীগের প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। আর নির্বাচনে ভোটার উপস্থিতি ছিলো খুবই কম। আর বিএনপির হাতেগোনা কয়েকজন দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে স্বতন্ত্র হিসাবে অংশ নেন।আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট আফজাল হোসেন বলেন, 'এবার দলীয়ভাবে আমাদের কোনো প্রার্থী থাকছেনা। এটা আওয়ামী লীগ সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত। দলের যে কেউ নির্বাচনে অংশ নিতে পারবেন। এখন এটা নিয়ে যদি কেউ গ্রুপিং, কোন্দল বা সংঘাত তৈরি করে তাদের বিরুদ্ধে দলের গঠনতন্ত্র অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। জননেত্রী শেখ হাসিনার সিদ্ধান্তের বাইরে গিয়ে কিছু করা যাবেনা।' এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'নির্বাচনে দলীয় কোনো মনোনয়ন না থাকায় প্রতিদ্বন্দ্বিতা ভালো হবে। অনেক প্রার্থী হবে। ভোটাররা তাদের পছন্দের প্রার্থী বেছে নিতে পারবেন। আর ভোটারের উপস্থিতিও বাড়বে।' দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও বিএনপি অংশ না নেয়ায় আওয়ামী লীগ দলীয় প্রার্থী দেয়ার পাশাপাশি দল থেকে স্বতন্ত্রদের উৎসাহিত করেছে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করতে ও ভোটার উপস্থিতি বাড়তে।

এদিকে, বিএনপির তৃণমূলে কথা বলে জানা গেছে, কিছু এলাকায় কেউ কেউ উপজেলায় প্রার্থী হতে আগ্রহী হলেও তারা পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। এর আগে উপজেলায় এবং পৌরসভায় যারা দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে প্রার্থী হয়েছেন তাদের বহিষ্কার করা হয়েছে। বিজয়ী হয়েও তারা বহিস্কার এড়াতে পারেননি। রাজশাহী পুঠিয়া পৌরসভার মেয়র এবং উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মামুন খান বলেন, 'আমি ধানের শীষ নিয়ে মেয়র হয়েছি ২০২০ সালে। তখন পৌর নির্বাচনে দল অনুমতি দিয়েছিলো। কিন্তু এবার উপজেলা পরিষদে দলের অনুমতি দিচ্ছে না। কেউ প্রার্থী হলে তাকে বহিষ্কার করা হবে।' আর বিএনপির আইন বিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল বলেন, 'দেশের মানুষের এই সরকারের অধীনে নির্বাচনে কোনো আগ্রহ নাই। এই সরকারের অধীনে কোনো সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন হবে না। তাই বিএনপিরও উপজেলা নির্বাচন নিয়ে কোনো আগ্রহ নাই।'

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## এনএইচকে

### মস্কোর কনসার্ট হলে হামলার ঘটনায় ১১ ব্যক্তিকে আটক করার খবর পাওয়া গেছে

রাশিয়ার রাষ্ট্র পরিচালিত বার্তা সংস্থা জানিয়েছে যে প্রেসিডেন্টের কার্যালয় মস্কোর বাইরে শুক্রবার সন্ধ্যায় একটি কনসার্ট হলে চালানো প্রাণঘাতী হামলা নিয়ে ১১ ব্যক্তিকে আটক করার খবর পেয়েছে। দেশের ফেডারেল নিরাপত্তা সেবা প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে এরকম অবহিত করে বলে বলা হচ্ছে যে, ১১ জনের মধ্যে চারজন রাশিয়া যেটাকে সন্ত্রাসী হামলা আখ্যায়িত করছে তার সাথে সরাসরি জড়িত ছিল। রাশিয়ার কর্তৃপক্ষ বলছে, বন্দুকধারীরা কনসার্ট হলে গুলিবর্ষণ শুরু করার পর ৯৩ ব্যক্তি প্রাণ হারিয়েছেন। ভবনটিতে পরে আগুন ধরে যায়। রাশিয়ার সামরিক অভিযান অব্যাহত থাকা ইউক্রেন সেই ঘটনায় দেশটির জড়িত থাকা অস্বীকার করেছে। ইসলামিক স্টেট চরমপন্থী গোষ্ঠীর সাথে সম্পর্কিত বার্তা সংস্থা আমাক নিউজ বিভিন্ন সূত্রের উদ্ধৃতি দিয়ে বলেছে যে, দলের যোদ্ধারা খ্রিস্টানদের একটি সমাবেশের উপর হামলা চালিয়ে এদের "কয়েক'শ লোকজনকে হত্যা ও আহত" করেছে এবং ভবনটির মারাত্মক ক্ষতিসাধন করেছে। ওয়াল স্ট্রিট জার্নাল'সহ বিভিন্ন সংবাদ মাধ্যম জানায় যে, ওয়াশিংটন এর আগে চলতি মাসের শুরুতে সম্ভাব্য চরমপন্থী হামলা সম্পর্কে মস্কোকে অবহিত করেছিল। মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে সেই সংবাদ তারা প্রকাশ করে। ইসলামিক স্টেট গোষ্ঠীকে নির্মূল করা হচ্ছে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার অভিন্ন লক্ষ্য এবং অতীতে তারা সন্ত্রাসী হুমকি সম্পর্কে তথ্য ভাগাভাগি করেছে। ইউক্রেন নিয়ে উভয় পক্ষের মধ্যে গভীর মতপার্থক্য থেকে গেলেও ওয়াশিংটন দৃশ্যত সন্ত্রাসবাদের বিরুদ্ধে তাদের পরিচালিত কর্মকাণ্ডের সাথে সঙ্গতি রেখে সেই পদক্ষেপ গ্রহণ করে।

(এনএইচকে ওয়েব পেজ: ২৩.০৩.২০২৪ রুবাইয়া)

## রেডিও টুডে

### বিজিপির ১৭৭ জন পলাতক সদস্যকে শীঘ্রই মিয়ানমারে ফেরত পাঠানো হবে : বিজিবি মহাপরিচালক

মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের ১৭৭ জন পলাতক সদস্যকে শিগগিরই তাদের দেশে প্রত্যাবর্তন করা হবে বলে জানিয়েছেন বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মো. আশরাফুজ্জামান সিদ্দিকী। গতকাল বিকেলে খাগড়াছড়ির রামগড়ে বিজিবি স্মৃতিস্তম্ভ পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের বলেন বিজিপি সদস্যদের নিজ দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে। শিগগিরই তাদের দেশে ফেরত পাঠানোর ব্যাপারে আমরা আশাবাদী। দেশের বিভিন্ন স্থল বন্দর থেকে রামগড় স্থলবন্দরটি পাহাড়ি এলাকায় হওয়ায় এই বন্দরের অবস্থানটি ভিন্ন এমন অবস্থায় নিরাপত্তার বিষয়ে প্রশ্নে বিজিবি মহাপরিচালক বলেন, এক্ষেত্রে সিকিউরিটির ডাইমেনশনটা একটু ভিন্ন আঙ্গিকে থাকবে। সেজন্য এখানে পর্যাপ্ত নিরাপত্তা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## ব্রাহ্মণবাড়িয়ায় মেঘনা নদীতে বাল্ক হেডের ধাক্কায় ট্রলার ডুবে এক নারী নিহত

ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জের চর সোনারামপুরের মেঘনা নদীতে বাল্ক হেডের ধাক্কায় ট্রলার ডুবে এক নারী নিহত হয়েছেন। এছাড়া এই ঘটনায় পুলিশ কনস্টেবল, তার স্ত্রী ও দুই সন্তান সহ নিখোঁজ রয়েছেন ৮ জন। এই ঘটনায় ১২ জনকে উদ্ধার করা হয়েছে। শুক্রবার সন্ধ্যা ছয়টার দিকে ভৈরব রেল সেতু সংলগ্ন এলাকায় এই ঘটনা ঘটে। ঘটনার সত্যতা নিশ্চিত করে ভৈরব হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাজু মিয়া জানান এই ঘটনায় পুলিশ সদস্য সোহেল তার স্ত্রী ও দুই সন্তান সহ ৮ জন যাত্রী নিখোঁজ রয়েছেন। ফায়ার সার্ভিস ও নৌপুলিশ ট্রলারটি উদ্ধারের চেষ্টা চালাচ্ছে। তবে অন্ধকার থাকায় কাজ করতে সমস্যা হচ্ছে। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## চকবাজারের ইসলামবাগ এলাকায় কেমিক্যাল গোডাউনে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে

রাজধানীর চকবাজারের ইসলামবাগ এলাকায় একটি কেমিক্যাল গোডাউনে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে। তবে আগুন পুরোপুরি না নেভানো গেলেও ছড়িয়ে পড়ার শঙ্কা নেই। এই অগ্নিকাণ্ডের হতাহাতের কোন খবর পাওয়া যায়নি। সংবাদ ব্রিফিংয়ের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন ফায়ার সার্ভিসের ঢাকা বিভাগের উপপরিচালক সালেহ উদ্দিন। শনিবার ভোর সাড়ে তিনটার দিকে ভয়াবহ এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের নয়টি ইউনিট কাজ করেছে। সকাল ছয়টার দিকে নিয়ন্ত্রণে আসে আগুন। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## ঢাবি অধ্যাপক জিয়া রহমান মারা গেছেন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, অপরাধ বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান মারা গেছেন। তিনি মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের সাবেক প্রভোস্ট ছিলেন। শনিবার ভোর রাতে রাজধানীর ল্যাব এইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মাকসুদুর রহমান। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## পাকিস্তানি কায়দায় ভারত বিরোধিতা শুরু করেছে বিএনপি : ওবায়দুল কাদের

বিএনপি পাকিস্তানি কায়দায় ভারত বিরোধিতা শুরু করেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। শনিবার সকালে রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে এমন মন্তব্য করেন তিনি। ওবায়দুল কাদের বলেন, বিদেশিরা যখন নির্বাচন বানচালের ষড়যন্ত্র করে ভারত পাশে ছিল এটা সত্য। দ্রব্যমূল্যের দাম নিয়ে তিনি বলেন কিছু কিছু পণ্যের মূল্য কমতে শুরু করেছে। দাম আরো কমে সাধারণ মানুষের কাছে সহনীয় হয়ে উঠবে বলেও জানান তিনি। তিনি বলেন, বিএনপি ইফতার পার্টি করে নিজেরা খাওয়ার আয়োজন করে। আর আমরা ইফতার সামগ্রী বিতরণ করি, মানুষের খাবারের ব্যবস্থা করি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## প্রতিবেশী দেশের গোলামী করা আওয়ামী লীগের অভ্যাসে পরিণত হয়েছে : হাফিজ

নির্লজ্জভাবে প্রতিবেশী দেশের প্রতি আনুগত্য স্বীকার করে যাচ্ছে আওয়ামী লীগ সরকার বলে মন্তব্য করে বিএনপি'র ভাইস চেয়ারম্যান মেজর (অব:) হাফিজ উদ্দিন আহমেদ বলেছেন, গোলামী করা আওয়ামী লীগের অভ্যাসে পরিণত হয়েছে। এ ধরনের গোলামী জনগণ মেনে নেবে না। শনিবার ঢাকার রিপোর্টার্স ইউনিটিতে জাতীয়তাবাদী মুক্তিযুদ্ধ দল আয়োজিত আলোচনা সভায় একথা বলেন তিনি। বিএনপি আন্দোলনে ব্যর্থ হয়নি বলেও দাবি করেন মেজর হাফিজ। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## অনুমোদনহীন রেস্টুরেন্ট ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চলবে: স্বরাষ্ট্রমন্ত্রী

একের পর এক অগ্নিকাণ্ডের ঘটনা নাশকতা কি না এখনো তার কোন প্রমাণ মেলেনি। তবে সতর্ক থাকলে অগ্নিকাণ্ড রোধ করা সম্ভব বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। শনিবার সকালে মিরপুরে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার সিকিউরিটি কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। তিনি বলেন অনুমোদিনহীন রেস্টুরেন্ট ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চলবে। সবাইকে নিজ নিজ জায়গা থেকে সচেতন থাকার আহ্বান জানান মন্ত্রী। এ সময় চাঁদাবাজি ইস্যুতে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অতিরিক্ত মুনাফার লোভে নিত্যপণ্যের দাম বৃদ্ধি করা হচ্ছে। চাঁদাবাজি দেখলেই পুলিশকে এ্যাকশন নেওয়ার নির্দেশ দেয়া হয়েছে বলেও জানান তিনি। সড়ক-মহাসড়ক সিসি ক্যামেরার আওতায় আনা হচ্ছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## যথাযোগ্য মর্যাদায় ২৫ শে মার্চ গণহত্যা দিবস পালন করা হবে

যথাযোগ্য মর্যাদায় ২৫শে মার্চ গণহত্যা দিবস পালনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। ঐদিন রাত ১১ টা থেকে রাত ১১ টা ১ মিনিট পর্যন্ত সারা দেশে প্রতিটি ব্ল্যাকআউট কর্মসূচি পালন করা হবে। তবে কেপিআই এবং জরুরী স্থাপনা সহ এই কর্মসূচির আওতামুক্ত থাকবে। শনিবার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## জিম্মি জাহাজ এমভি আব্দুল্লাহর নাবিকদের যত দ্রুত সম্ভব উদ্ধারের চেষ্টা করা হচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী

ভারতীয় পণ্য বর্জনের ডাক দিয়ে বিএনপি দেশে দ্রব্যমূল্য বৃদ্ধি করতে চাইছে এমন মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছন মাহমুদ। শনিবার চট্টগ্রাম সার্কিট হাউসে জেলার উন্নয়ন সমন্বয় সভা শেষে সাংবাদিকের সঙ্গে কথা বলার সময়

তিনি এ কথা বলেন। এ সময় সোমালিয়া জলদস্যুদের কাছে জিম্মি হওয়া বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ'র বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী জানান যত দ্রুত সম্ভব নাবিকদের উদ্ধারের চেষ্টা করা হচ্ছে। ইতোমধ্যে জাহাজ মালিক ও দস্যুদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। এছাড়া আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান ও সহযোগিতা করছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## দিল্লির অধীনস্থ হওয়ার জন্য মুক্তিযুদ্ধ হয়নি : হাফিজ

দিল্লির অধীনস্থ হওয়ার জন্য মুক্তিযুদ্ধ হয়নি বলে মন্তব্য করেছেন বিএনপির ভাইস চেয়ারম্যান মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ। শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল আয়োজিত এক আলোচনা সভায় তিনি এই মন্তব্য করেন। এ সময় মেজর হাফিজ বলেন, আওয়ামী লীগ দেশকে একটি নতজানু রাষ্ট্রে পরিণত করেছে। তারা সব সময় বিদেশী রাষ্ট্রের দিকে তাকিয়ে থাকে। যে গণতন্ত্রের জন্য দেশের মানুষ যুদ্ধ করেছিল আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর সেই গণতন্ত্র নস্যাৎ করে একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করেছে। এছাড়াও দ্রব্যমূল্যের উর্ধ্বগতির জন্য সরকারকে দায়ী করে বিএনপি'র এই নেতা বলেন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে জনগণের নাভিশ্বাস অবস্থা কিন্তু এটা নিয়ে সরকারের কোন মাথা ব্যাথা নেই। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## পেঁয়াজ রপ্তানিতে অনির্দিষ্টকালের জন্য নিষেধাজ্ঞা দিয়েছে ভারত

পেয়াজ রপ্তানিতে অনির্দিষ্টকালের জন্য নিষেধাজ্ঞা বাড়িয়েছে ভারত। লোকসভা নির্বাচনকে সামনে রেখে দেশটির সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। ভারতের এই সিদ্ধান্তে বিশ্বের অনেক দেশে পেঁয়াজের দাম বেড়ে যেতে পারে বলে মনে করা হচ্ছে। গত ডিসেম্বরে অভ্যন্তরীণ দাম নিয়ন্ত্রণে রপ্তানিতে নিষেধাজ্ঞা আরোপ করে ভারত সরকার। ৩১ শে মার্চ নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হওয়ার কথা ছিল তবে দেশটির সরকার শুক্রবার রাতে এক আদেশ জারির মাধ্যমে জানায় পরবর্তী নির্দেশো না দেওয়া পর্যন্ত পেঁয়াজ রপ্তানি বন্ধ থাকবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## বিএসএমএমইউ এর বিদায়ী উপাচার্য ডা. শরফুদ্দিন আহমেদের বিরুদ্ধে বিক্ষোভের ঘটনা ঘটেছে

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা. শরফুদ্দিন আহমেদের মেয়াদের শেষ মুহূর্তে তার বিরুদ্ধে নিয়োগ-বাণিজ্যের অভিযোগে ক্যাম্পাসে বিক্ষোভের ঘটনা ঘটেছে। এ সময় ভিসির ব্যক্তিগত সহকারী সহ কয়েকজনকে মারধর করে বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেওয়ার অভিযোগ ও পাওয়া গেছে। আজ শনিবার ভিসির কার্যালয়ের সামনে আওয়ামী লীগপন্থী স্বাধীনতা চিকিৎসক পরিষদ সংগঠনের চিকিৎসক, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী ও নার্সরা এই বিক্ষোভ করেন। সকাল সাড়ে নয়টার শুরু হওয়া ঐ বিক্ষোভ প্রশাসনের হস্তক্ষেপে শেষ হয় বেলা দেড়টার দিকে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## আইসিসির আম্পায়ারিং ডেভেলপমেন্ট প্যানেলে পাঁচ বাংলাদেশি নারী

প্রথমবারের মতো আন্তর্জাতিক ক্রিকেট নিমন্ত্রণ সংস্থা, আইসিসির আম্পায়ারিং ডেভেলপমেন্ট প্যানেলে যুক্ত করেছে ৫ বাংলাদেশি নারীকে। তাদের মধ্যে চারজন দেশের নারী আম্পায়ার। এরা হলেন সাফিয়া জাকির জেসি, রোকেয়া সুলতানা, ডলিরানী সরকার এবং চম্পা চাকমা। এছাড়াও ম্যাচ রেফারি হিসেবে সুপ্রিয়া রানী দাস এই প্যানেলে যুক্ত হয়েছেন। গণমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন বিসিবির আম্পায়ারস কমিটির চেয়ারম্যান ইফতেখার আহমেদ মিঠু। এর আগে গত দশ মার্চ তিনি দেশের ইতিহাসে বাংলাদেশে প্রথমবারের মতো দুই নারীকে বিসিবির আম্পায়ার হিসেবে নিয়োগ দেওয়ার কথা জানিয়েছিলেন। এদের মধ্যে একজন সাথীরা জাকির জেসি অন্যজন মিশু চৌধুরী। এই ঘোষণার পর জেসি এবার আইসিসি থেকেও সুসংবাদ পেলেন। বিসিবিকে পাঠানো এক বিবৃতিতে আইসিসি চারজনকে আম্পায়ারিং ডেভেলপমেন্ট প্যানেল এবং একজনকে ম্যাচ রেফারির প্যানেলে যুক্ত করার বিষয়টি জানিয়েছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## চিকিৎসা শেষে সিঙ্গাপুর থেকে দেশে ফিরেছেন মির্জা ফখরুল

সিঙ্গাপুরে স্বাস্থ্য পরীক্ষা শেষ করে ১৯ দিন পর দেশে ফিরলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার সন্ধ্যা সোয়া ছয়টায় বাংলাদেশ বিমানের ফ্লাইটে সিঙ্গাপুর থেকে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছান বিএনপি মহাসচিব। বিষয়টি নিশ্চিত করেছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। এর আগে চলতি বছরের ৪ মার্চ চিকিৎসার জন্য স্ত্রী রাহাত আরা বেগম সহ সিঙ্গাপুর যান ৭৭ বছর বয়সী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সিঙ্গাপুরের দুটো হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে চিকিৎসা নিয়েছেন ও হেলথ চেকআপ করেছেন তিনি। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## ভারত পেঁয়াজ রপ্তানি বন্ধ করলেও বাংলাদেশে কোনো প্রভাব পড়বে না : বাণিজ্য প্রতিমন্ত্রী

ভারত পেঁয়াজ রপ্তানি বন্ধ করলেও বাজার তার আপন গতিতে চলবে বলে মন্তব্য করেছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। শনিবার বিকেলে টাঙ্গাইল প্রেসক্লাবের উদ্যোগে প্রতিমন্ত্রী ও অন্য এমপিদের সংবর্ধনা ও ক্লাবের কার্যকরী সদস্যদের পরিচিতি সভায় এসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। প্রতিমন্ত্রী বলেন, ভারত পেঁয়াজ রপ্তানি বন্ধ করে দেয়ায় বাংলাদেশে এর কোনো প্রভাব পড়বে না। ভারতের কাছ থেকে যে পেঁয়াজ কেনা হয়েছে সেগুলো তিনদিনের মধ্যে রেলযোগে বাংলাদেশে এসে পৌঁছাবে। প্রতিমন্ত্রী আরও বলেন, বাজার চলবে তার আপন

গতিতে। পণ্যের দাম ৫ থেকে ১০ টাকা বাড়লে এ ব্যাপারে ব্যবস্থা না নিলেও কেউ যদি মজুতদারি করে তবে তার বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে। বাজারে স্বাভাবিক বেচাকেনায় এই মুহূর্তে বাণিজ্য মন্ত্রণালয়ের কোনোরকম পুলিশি তৎপরতা বা ম্যাজিস্ট্রেসির প্রয়োজন নেই। এ সময় প্রতিমন্ত্রী বাজারে যথেষ্ট পরিমাণ পণ্যের সরবরাহ আছে এবং দামও যৌক্তিক পর্যায়ে আছে বলে মন্তব্য করেন। পাশাপাশি, চাল খাদ্য মন্ত্রণালয়ের বিষয় এবং আরেক মন্ত্রণালয়ের বিষয়ে কোনো কিছু বলা ঠিক হবে না বলেও জানান তিনি। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২৩.০৩.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### গাজায় যুদ্ধবিরতি বাস্তবায়নে তলব সংক্রান্ত জরুরি আইটেম গৃহীত

সুইজারল্যান্ডের জেনেভায় এশিয়া প্যাসিফিক গ্রুপ মিটিং অনুষ্ঠিত হয়েছে। মিটিংয়ে গাজায় যুদ্ধবিরতি বাস্তবায়নের জন্য তলব সংক্রান্ত জরুরি আইটেম গৃহীত হয়েছে। শনিবার, ২৩শে মার্চ জেনেভার ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে ১৪৮তম আইপিইউ অ্যাসেম্বলির প্রথমদিন অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এসময় সভার এজেন্ডাগুলো এবং অ্যাঙ্গোলার লুয়ান্ডাতে অনুষ্ঠিত ১৪৭তম আইপিইউ অ্যাসেম্বলির মিটিং মিনিটস গৃহীত হয়। পরবর্তীতে আইপিইউ এক্সিকিউটিভ কমিটির এশিয়া প্যাসিফিক অঞ্চলের গ্রুপ মেম্বাররা আলোচনা করেন। এসময় এশিয়ান-৩ গ্রুপ মিটিংয়ের রিপোর্ট উপস্থাপিত হয়। এসময় আইপিইউর প্রেসিডেন্ট ড. টুলিয়া অ্যাকসন ভাষণ দেন। সভায় ষষ্ঠ ওয়ার্ল্ড কনফারেন্স অব স্পিকার অব দ্যা পার্লামেন্টের প্রিপারেটরি কমিটির নোমিনেশন দেওয়া হয়। এছাড়া এজেন্ডা ভিত্তিক সব সিদ্ধান্ত গৃহীত হয়। বিস্তারিত আলোচনার পর ফিলিস্তিনের গাজাতে যুদ্ধবিরতি বাস্তবায়নে তলব সংক্রান্ত জরুরি আইটেম গৃহীত হয়। এ সভায় আইপিইউর প্রেসিডেন্ট, আইপিইউ এক্সিকিউটিভ কমিটির এশিয়া প্যাশিফিক অঞ্চলের গ্রুপ মেম্বাররাসহ জাতীয় সংসদের চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী, সংসদ সদস্য শফিকুল ইসলাম, মাহবুব উর রহমান, শাহাদারা মান্নান, নীলুফার আনজুম, এইচ এম বদিউজ্জামান, মোঃ মুজিবুল হক, আখতারুজ্জামান এবং জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব কে এম আব্দুস সালাম উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

### চট্টগ্রামে অস্থায়ী স্মৃতিসৌধ উদ্বোধন করলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

চট্টগ্রামে অস্থায়ী স্মৃতিসৌধ উদ্বোধন করলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক । শনিবার, ২৩শে মার্চ দুপুরে তিনি নগরের উত্তর কাট্টলীতে অস্থায়ী স্মৃতিসৌধের উদ্বোধন করেন। অস্থায়ী স্মৃতিসৌধের পাশেই ৪৫ শতক জায়গার উপর প্রস্তাবিত মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে সরকার। চট্টগ্রাম জেলা প্রশাসনের তথ্য অনুযায়ী, ২০২২ সালের ২৮ অক্টোবর প্রধানমন্ত্রী কর্তৃক কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু টানেল উদ্‌বোধনের সময় সমুদ্রের পার্শ্ববর্তী উত্তর কাট্টলীতে ৩০ একর জায়গায় নতুন মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ ও যাদুঘর নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় আগামী ৩ থেকে ৫ বছরের মধ্যে সাভারের জাতীয় স্মৃতিসৌধের আদলে এটির নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন হওয়ার কথা রয়েছে। আজ উত্তর কাট্টলিতে অস্থায়ী স্মৃতিসৌধের উদ্বোধনের পাশাপাশি 'বিজয় নিশান' স্মরণিকার মোড়ক উন্মোচন ও বীর মুক্তিযোদ্ধাদের সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী। চট্টগ্রাম জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম-১০ আসনের সংসদ সদস্য মহিউদ্দিন বাচ্চু, চট্টগ্রাম-৪ আসনের সংসদ সদস্য এস এম আল মামুন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ইসরাত চৌধুরী, সিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার আ স ম মাহতাব উদ্দিন, জেলা পুলিশ সুপার এস এম শফিউল্লাহ, মহানগর মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোজাফফর আহমদ ও জেলা মুক্তিযোদ্ধা সংসদের ভারপ্রাপ্ত কমান্ডার বীর মুক্তিযোদ্ধা এ কে এম সরোয়ার কামাল এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগরীর থানা ও উপজেলা সংসদের বীর মুক্তিযোদ্ধারা। প্রধান অতিথির বক্তব্যে মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী বলেন, 'ছয় দফা আন্দোলনের সূচনা চট্টগ্রাম থেকেই হয়েছে। চট্টগ্রাম বেতার থেকে ২৬শে মার্চ প্রথম প্রহরে জাতির পিতার স্বাধীনতা ঘোষণা প্রচার করা হয়। অপারেশন জ্যাকপট চট্টগ্রাম বন্দরে হয়েছে। এছাড়াও ব্রিটিশ বিরোধী আন্দোলনেও চট্টগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই বলা যায় মহান স্বাধীনতা যুদ্ধে চট্টগ্রামের অবদান অনস্বীকার্য।' মন্ত্রী বলেন, 'বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করার পর জিয়া, এরশাদ, খালেদা জিয়া প্রায় ২৯ বছর ক্ষমতায় ছিল। আর স্বাধীনতার পর বঙ্গবন্ধু ও জননেত্রী শেখ হাসিনা মিলে প্রায় সাড়ে ২৩ বছর রাষ্ট্রীয় ক্ষমতায় আছে। আপনারা তুলনা করলে বুঝতে পারবেন কোন দল দেশের উন্নয়নে অবদান রেখেছে। স্বাধীনতার অপশক্তিরা পরাজয়ের গ্লানি ভুলতে পারেনি। তারা এখনো বাংলাদেশে নানা ধরনের ষড়যন্ত্র করে যাওয়ার চেষ্টা করছে।' চট্টগ্রাম জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামানের বলেন, 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে চট্টগ্রামের অনন্য অবদান রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে এখান থেকেই স্বাধীনতার ঘোষনা দেয়া হয়। এখানে ঐতিহাসিক লালদীঘি ময়দান ও বঙ্গবন্ধুর ৬ দফাসহ অনেক কিছু চট্টগ্রাম কেন্দ্রিক। মহান স্বাধীনতা যুদ্ধে এখানে নৌ-কমান্ডারা কাজ করেছেন। কিন্তু দুঃখের বিষয়, চট্টগ্রামে মহান মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধ, স্মৃতিস্তম্ভ ও মুক্তিযুদ্ধের জাদুঘর নেই। এখানে অস্থায়ীভাবে হলেও একটি মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ হবে, এটা চট্টগ্রামের বীর মুক্তিযোদ্ধাদের দীর্ঘ দিনের দাবি ছিল। সে জন্য মুক্তিযোদ্ধাদের দাবির পরিপ্রেক্ষিতে আমরা এখানে অস্থায়ীভাবে হলেও

মহান মুক্তিযুদ্ধের একটি স্মৃতিস্তম্ভ করেছি। জাতীয় স্মৃতিসৌধের আদলে কম সময়ের মধ্যে অর্থ্যাৎ ২৩শে মার্চের আগে এটির কাজ সম্পন্ন করতে পেরেছি। আগামী ২৬শে মার্চ জাতির শ্রেষ্ঠ সন্তানদের শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন করতে পারবো।' বধ্যভূমি সংরক্ষণের বিষয়ে তিনি বলেন, 'চট্টগ্রামে যে সব বধ্যভূমি রয়েছে। সেগুলো সংরক্ষণে প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে। পাহাড়তলীর খুলশীতে যেসব বধ্যভূমি রয়েছে সেগুলো সংরক্ষণের জন্য মন্ত্রণালয়ে চিঠি দিয়েছি। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় মামলাজনিত কারণে এ কাজটি শেষ করতে পারেনি। এখন মামলা নিষ্পত্তি হয়েছে, কিছুদিনের মধ্যে চট্টগ্রামের বধ্যভূমিগুলো সংরক্ষণের কাজ শুরু হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## তিনদিনের মধ্যে ভারতের পেঁয়াজ আসবে : বাণিজ্য প্রতিমন্ত্রী

ভারতের পেঁয়াজ রপ্তানি বন্ধের প্রভাব বাংলাদেশে পড়বে না বলে মন্তব্য করেছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। প্রতিমন্ত্রী বলেন, 'ভারত থেকে আজ কিংবা আগামীকাল পেঁয়াজ ট্রেনে উঠবে। আগামী তিনদিনের মধ্যে দেশে আসবে। পেঁয়াজ আসা নিয়ে কোনো রকম সমস্যা আছে বলে জানা নেই।' শনিবার, ২৩ মার্চ বিকেলে টাঙ্গাইল প্রেস ক্লাবের উদ্যোগে প্রতিমন্ত্রী এবং এমপিদের সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'বাজার আপন গতিতেই চলবে। ৫ থেকে ১০ টাকা বাড়লে সেটা নিয়ে কিছু না করা হলেও মজুতদারির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।' এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কায়ছারুল ইসলাম, পুলিশ সুপার সরকার মোহাম্মদ কায়সার, টাঙ্গাইল প্রেস ক্লাবের সভাপতি অ্যাডভোকেট জাফর আহমেদ প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## প্রযুক্তি ব্যবহারে জলবায়ু সংক্রান্ত সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেছেন, 'আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আবহাওয়া ও জলবায়ু সংক্রান্ত সেবা দ্রুত জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া সম্ভব।' শনিবার, ২৩শে মার্চ 'বিশ্ব আবহাওয়া দিবস উপলক্ষে দেওয়া এক বাণীতে রাষ্ট্রপতি একথা বলেন। তিনি বলেন, 'জাতিসংঘ ঘোষিত আবহাওয়া ও জলবায়ু সংক্রান্ত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ সরকার বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় কাজ করে যাচ্ছে। রাষ্ট্রপতি বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও বিশ্ব আবহাওয়া দিবস ২০২৪ উদযাপনের উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন, 'ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশের আবহাওয়া ও জলবায়ু নাতিশীতোষ্ণ হলেও তা দিনে দিনে চরম ভাবাপন্ন হয়ে উঠছে। ফলে দেশের কৃষি, জনস্বাস্থ্য, মৎস্য, জীববৈচিত্র্যসহ সামগ্রিক ক্ষেত্রে এর বিরূপ প্রভাব পরিলক্ষিত হচ্ছে।' জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে বাংলাদেশে দুর্যোগের সংখ্যা ও তীব্রতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, 'জলবায়ু ও আবহাওয়ার পরিবর্তনজনিত প্রভাব মোকাবিলার জন্য বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশও বিভিন্ন গবেষণা কার্যক্রম ও উন্নত প্রযুক্তির ব্যবহার করছে। আবহাওয়া, জলবায়ু ও পানির প্রভাবে সৃষ্ট দুর্যোগকালীন ক্ষয়-ক্ষতি সর্বনিম্ন পর্যায়ে রাখার লক্ষ্যে বাংলাদেশ আবহাওয়া অধিদফতর বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।' তিনি বলেন, 'আবহাওয়া পর্যবেক্ষণ ও তথ্য-উপাত্ত বিশ্লেষণের জন্য বিদ্যমান প্রযুক্তির সঙ্গে উন্নত বায়ু পরিমাপক ও রেকর্ডিং সিস্টেম, ডিজিটাল ব্যারোমিটার, জিপিএস রেডিও স্টেশন স্থাপনসহ বিভিন্ন প্রযুক্তি সংযোজন করা হয়েছে। এ সব আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাকৃতিক দুর্যোগের অধিকতর সঠিক ও আগাম পূর্বাভাস পাওয়া সম্ভব হবে যা দুর্যোগের ক্ষয়ক্ষতি কমাতে সহায়ক ভূমিকা পালন করবে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে বিশ্ব আবহাওয়া দিবসের এবারের প্রতিপাদ্য 'এট দ্যা ফ্রন্টলাইন অব ক্লাইমেট অ্যাকশন' তাৎপর্যপূর্ণ হয়েছে।' তিনি বিশ্ব আবহাওয়া দিবস ২০২৪ উপলক্ষে গৃহীত সব কর্মসূচির সাফল্য কামনা করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## দুর্যোগ ব্যবস্থাপনায় বাংলাদেশ বিশ্বে রোল মডেল : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিগত বছরগুলোতে বাংলাদেশ আবহাওয়া অধিদফতরে আধুনিক কারিগরি ও প্রযুক্তি সন্নিবেশ করা হয়েছে।' শনিবার বিশ্ব আবহাওয়া দিবস-২০২৪ উপলক্ষে দেওয়া এক বাণীতে এ কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী আরো বলেন, 'দিবসটির এ বছরের প্রতিপাদ্য, 'অ্যাট দ্যা ফ্রন্টলাইন অব ক্লাইমেট অ্যাকশন' যথোপযুক্ত, সময়োপযোগী ও তাৎপর্যপূর্ণ হয়েছে।' বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম উল্লেখ করে তিনি বলেন, 'জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আওয়ামী লীগ সরকার বদ্ধপরিকর। এ লক্ষ্যে সরকার জলবায়ু পরিবর্তন অভিযোজন ব্যবস্থাকে প্রাধান্য দিয়ে ১০০ বছর মেয়াদি বদ্বীপ পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনাসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। পর্যায়ক্রমে এসব পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ উচ্চ মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন ও ২০৪১ সালে একটি উন্নত রাষ্ট্রের মর্যাদা লাভে সক্ষম হবে।' তিনি বলেন, 'আওয়ামী লীগ সরকার প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিগত বছরগুলোতে বাংলাদেশ আবহাওয়া অধিদফতরে আধুনিক কারিগরি ও প্রযুক্তি সন্নিবেশ করেছে। ফলে বাংলাদেশ আবহাওয়া অধিদফতরের সার্বিক সক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগসহ অন্যান্য চরম আবহাওয়ার বিভিন্ন মেয়াদী পূর্বাভাস ও সতর্কবার্তা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।' দুর্যোগ ব্যবস্থাপনায় বাংলাদেশ বিশ্বের রোল মডেল উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আগাম পূর্বাভাস প্রদানে বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণের ফলে জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ ও প্রভাব থেকে উত্তরণের জন্য পরিবেশের

বিপর্যয় রোধ, অর্থনৈতিক উন্নয়ন সহায়ক কৌশল নির্ধারণ, প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার, জলবায়ুর পরিবর্তনের অভিঘাত সহিষ্ণু বাংলাদেশ গড়ে তুলতে সরকার কাজ করে যাচ্ছে। আন্তর্জাতিক পর্যায়েও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত নীতি নির্ধারণে বাংলাদেশ তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করছে।' শেখ হাসিনা বলেন, 'আমাদের সরকার আবহাওয়ার বিদ্যমান পর্যবেক্ষণাগারগুলোর সঙ্গে কৃষি আবহাওয়া পূর্বাভাস সেবার মান উন্নয়নে আরো ৭টি নতুন কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগার স্থাপনসহ কৃষি আবহাওয়া বিষয়ক গবেষণা কার্যক্রম জোরদার করেছে। এছাড়াও ৫টি আবহাওয়া ভূপৃষ্ঠ পর্যবেক্ষণাগার, ১৩টি ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। ৩টি স্যাটেলাইট গ্রাউন্ড রিসিভিং স্টেশন স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে কালবৈশাখী ও বজ্র ঝড়ের সতর্কবার্তা প্রদানসহ নিরাপদ বিমান উড্ডয়ন ও অবতরণে জয়দেবপুরে ১টি আধুনিক ডপলার রাডার স্থাপন করা হয়েছে এবং রংপুরে অপর ১টি ডপলার রাডার স্থাপনের কাজ চলমান আছে।' প্রধানমন্ত্রী বলেন, 'আসুন, সকলে মিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আজীবন স্বপ্নের উন্নত-সমৃদ্ধ স্মার্ট সোনার বাংলা গড়ে তুলি।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## চিকিৎসকদের প্রশিক্ষণে সহায়তা করতে চায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা

চিকিৎসক এবং অন্যান্য স্বাস্থ্য পেশাদারদের সক্ষমতা বৃদ্ধিতে বাংলাদেশকে সহায়তা করার ইচ্ছা পোষণ করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ডব্লিউএইচও। ডব্লিউএইচও-এর দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের আঞ্চলিক পরিচালক সায়মা ওয়াজেদ শুক্রবার রাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎকালে এ আগ্রহ প্রকাশ করেন। সাক্ষাতের পর প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মো. নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। নজরুল ইসলাম বলেন, 'ডব্লিউএইচও বিশেষ করে চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্য সংশ্লিষ্ট পেশাদারদের সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদানে বাংলাদেশকে সহায়তা করতে ইচ্ছা প্রকাশ করেছে। জাতিসংঘের সংস্থাটি বাংলাদেশে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত রোগ, মানসিক স্বাস্থ্য এবং জলবায়ু ঝুঁকিপূর্ণ গোষ্ঠী যেমন, নারী, শিশু এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তাসহ বেশ কয়েকটি বিষয়ে কাজ করবে। যেহেতু বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশ, যে কোনো দুর্যোগে নারী, শিশু এবং প্রতিবন্ধী ব্যক্তিরা বেশি ক্ষতিগ্রস্ত হয়। তাই ডব্লিউএইচও জলবায়ু ঝুঁকিপূর্ণ গোষ্ঠীগুলোর জন্য কাজ করবে। এছাড়াও বিশ্ব স্বাস্থ্য সংস্থা জলবায়ু পরিবর্তনজনিত রোগের মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা করবে। যার মধ্যে রয়েছে বায়ুদূষণ, শব্দদূষণ এবং তাপমাত্রা বৃদ্ধির কারণে সৃষ্ট রোগ। মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে, সংস্থাটি সব প্রশিক্ষণ কর্মসূচি, শিক্ষা এবং স্বাস্থ্য পেশাদারদের পাঠ্যক্রমে রোগীদের সঙ্গে আচরণ করার ক্ষেত্রে আচরণগত পদ্ধতির মতো মানসিক স্বাস্থ্য সমস্যাগুলোকে অন্তর্ভুক্ত করার পরামর্শ দিয়েছে।' প্রধানমন্ত্রী বলেন, 'ডব্লিউএইচও বাংলাদেশের স্বাস্থ্য খাতের একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন সহযোগী। তার সরকার সারাদেশে কমিউনিটি ক্লিনিক স্থাপন করেছে এবং ক্লিনিক থেকে নারী ও শিশুদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ওষুধ সরবরাহ করা হয়।' তিনি আরো বলেন, 'সুতরাং, শিশু ও মাতৃমৃত্যুর হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে, গড় আয়ু বেড়েছে।' অল্পবয়সী মেয়েরা স্তন ক্যানসার নিয়ে কথা বলতে লজ্জাবোধ করেন উল্লেখ করে প্রধানমন্ত্রী স্তন ক্যানসারের দ্রুত নির্ণয়ের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি বলেন, 'প্রাথমিক পর্যায়ে স্তন ক্যানসার ধরা পড়লে রোগটি নিরাময়যোগ্য।' প্রধানমন্ত্রী বলেন, 'স্তন ক্যানসারের প্রাথমিক পর্যায়ে নির্ণয়ে সরকার উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে রেফারেল সিস্টেম চালু করার জন্য কাজ করছে।' প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ ভুটানকে বার্ন ইউনিট নির্মাণে সহায়তা করবে।' তিনি বলেন, 'বাংলাদেশ স্বাস্থ্য শিক্ষার একটি আঞ্চলিক কেন্দ্র হতে যাচ্ছে। কারণ ইতোমধ্যে ভুটান, নেপাল ও ভারতের প্রচুর শিক্ষার্থী বাংলাদেশে রয়েছে।' শেখ হাসিনা বলেন, 'কোভিড-১৯ অতিমারীর সময় সরকার জরুরি ভিত্তিতে ২৫ হাজার চিকিৎসক ও ১৫ হাজার নার্স নিয়োগ দেয়। বেসরকারি স্বাস্থ্য চিকিৎসকদের জন্য লাইসেন্সিং পরীক্ষা চালু করতে যাচ্ছে সরকার।' ১লা ফেব্রুয়ারি বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের আঞ্চলিক পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন সায়মা ওয়াজেদ। তিনি বাংলাদেশের প্রথম এবং এই পদে অধিষ্ঠিত দ্বিতীয় নারী। এসময় স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন, স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. রোকেয়া সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## পাকিস্তানি কায়দায় ভারতের বিরোধিতা করছে বিএনপি : সেতুমন্ত্রী

রাজনৈতিক ইস্যু না পেয়ে পুরোনো পাকিস্তানি কায়দায় ভারতের বিরোধিতা করছে বিএনপি, এমন দাবি করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শনিবার, ২৩শে মার্চ রাজধানীর তেজগাঁওয়ে দলীয় কার্যালয়ে ইফতার ও ইদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে একথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, 'চিরাচরিত পাকিস্তানি কায়দায় ভারতের বিরোধিতা শুরু করেছে বিএনপি। তারা যখন কোনো রাজনৈতিক ইস্যু না পায়, তখনই এই একটা ইস্যু সামনে নিয়ে আসে। বঙ্গবন্ধুর আমলেও করেছে, এখন শেখ হাসিনার আমলে এবারো তাই করছে।' বয়কট ইস্যুতে বিএনপি নেতাদের ঐক্য নেই দাবি করে সেতুমন্ত্রী বলেন, 'বয়কট আন্দোলন করছে তারা। কিন্তু তাদের নিজেদের বক্তব্যে মিল নেই। হাফিজ বলে এক কথা, রিজভী বলে আরেক কথা, মহাসচিব সিঙ্গাপুর থেকে বলে ভিন্ন কথা।' তিনি আরো বলেন, 'বিএনপি ইফতার পার্টি করে। নিজেরা খাওয়ার আয়োজন করে। আর আমরা ইফতার সামগ্রী বিতরণ করি। মানুষের খাবারের ব্যবস্থা করি।' ঢাকা জেলা আওয়ামী লীগ এ অনুষ্ঠানের আয়োজন করেছে। ঢাকা জেলা সভাপতি বেনজির আহমেদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান তরুণের সঞ্চালনায়

এতে অংশ নেন আওয়ামী লীগের উপদেষ্টা সালমান ফজলুর রহমান, প্রেসিডিয়াম সদস্য অ্যাডভোকেট কামরুল ইসলাম-সহ আরো অনেকে। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## চাঁদাবাজির চাইতে অধিক মুনাফার কারণে নিত্যপণ্যের দাম বাড়ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

চাঁদাবাজির চাইতে অধিক মুনাফার কারণে নিত্যপণ্যের দাম বাড়ছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, 'প্রত্যন্ত অঞ্চল থেকে একটি পণ্যবাহী ট্রাক ঢাকা আসা পর্যন্ত কী পরিমাণ চাঁদা দেওয়া লাগে, আর সেই পণ্য কারওয়ান বাজার থেকে অন্য বাজারে নেওয়ার পর কী পরিমাণ দাম বাড়ে সবকিছুই আমরা অনুসন্ধান করেছি।' শনিবার, ২৩শে মার্চ সকালে রাজধানীর মিরপুরে বাংলাদেশ পুলিশ স্টাফ কলেজে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার সিকিউরিটি কোর্স উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। ইদে যাত্রীবাহী বাস ও পণ্যবাহী ট্রাকে চাঁদাবাজি হবে। এ ক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ভূমিকা কী থাকবে ? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'চাঁদাবাজি রোধে পুলিশ-র‍্যাব কঠোর অবস্থানে।' মন্ত্রী বলেন, 'কারওয়ান বাজারে যে জিনিস ২০ টাকায় বিক্রি হচ্ছে সেটাই অল্প কিছু দূর নিয়ে ৪০ টাকায় বিক্রি করছে। অধিক মুনাফার চিন্তা থেকেই এর প্রভাব বেশি পড়ে।' তিনি আরো বলেন, 'যশোর থেকে ঢাকায় একটি ট্রাকের কত টাকা চাঁদা দেওয়া লাগে। সেই হিসাবে আমরা পরিসংখ্যান করেছি। চাঁদাবাজির চাইতে অধিক মুনাফার কারণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ঢাকায় বাড়ে। চাঁদাবাজি রোধে পুলিশের স্পেশাল ড্রাইভ চলছে।' চাঁদাবাজি বন্ধে ঢাকা-চট্টগ্রাম হাইওয়ে ক্যামেরার আওতায় আনা হয়েছে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, 'ভবিষ্যতে সব মহাসড়ক ক্যামেরার আওতায় আনা হবে। যারা অতি মুনফার লোভে দামবৃদ্ধি করছেন, তাদের বিরুদ্ধে কীভাবে ব্যবস্থা নেবেন ? এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'আইনশৃ-ঙ্খলা রক্ষাকারী বাহিনী ছাড়াও ভোক্তা অধিকারসহ বিভিন্ন ফোর্স এখানে কাজ করে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরে যখনই আসে তখনই তারা অর্পিত দায়িত্ব পালন করে। প্রধানমন্ত্রী বক্তব্য দিয়েছেন রাজনৈতিক দলের নেতাদের উদ্দেশ্যে। তিনি বলেন, যারা অধিক মুনফা করছে তাদের সঙ্গে আলোচনা করে পাড়া-মহল্লায় নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি শুরু হলে অধিক মুনাফা রোধ করা সম্ভব হবে।' অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের জ্যেষ্ঠ সচিব মোঃ মোস্তাফিজুর রহমান, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মশিউর রহমান এবং সভাপতিত্ব করেন পুলিশ স্টাফ কলেজের রেক্টর ড. মল্লিক ফখরুল ইসলাম। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## ঘন ঘন আগুন নাশকতা কি না খতিয়ে দেখা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

সম্প্রতি বেশ কয়েকটি বড় বড় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের কাছে জানতে চাইলে তিনি বলেন, 'ঘন ঘন আগুন লাগা নাশকতা কি না তা খতিয়ে দেখা হচ্ছে।' শনিবার, ২৩শে মার্চ সকালে রাজধানীর মিরপুরে বাংলাদেশ পুলিশ স্টাফ কলেজে 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার সিকিউরিটি' কোর্স উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'কয়েক মাসের মধ্যে দেখেছি বড় বড় দুই-চারটা অগ্নিকাণ্ড হয়েছে। সেখানে জানমালের ক্ষতি হয়েছে। রাজধানীর বেইলি রোডে অগ্নিকাণ্ডের ঘটনায় অনুসন্ধান চলছে।' রেস্টুরেন্ট ব্যবসায়ীদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, 'সিলিন্ডার কিংবা গ্যাস সংযোগ ব্যবহারের ক্ষেত্রে সচেতন থাকা দরকার। ফায়ার সার্ভিসের নির্দেশনা অনুযায়ী অগ্নিকাণ্ড রোধে বিভিন্ন যন্ত্রাংশ সংযোজন করলে অগ্নিকাণ্ড থেকে বাঁচতে পারবো।' তিনি আরো বলেন, 'রাজধানীর পুরান ঢাকায় কেমিক্যাল গোডাউন সরিয়ে দেওয়ার জন্য জায়গা দিয়েছি। তারপরও তারা গোপনে আবার চলে আসে।' এসময় মন্ত্রী যত্রতত্র সিলিন্ডার ব্যবহার না করার জন্য সবার প্রতি অনুরোধ জানান। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## ইন্টার্ন চিকিৎসকদের দাবিগুলো দ্রুতই সমাধান করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

ইন্টার্ন চিকিৎসকদের দাবিগুলো দ্রুতই সমাধান করা হবে বলে আশ্বস্ত করেছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি আন্দোলনরত পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকদের উদ্দেশ্যে বলেন, 'ডাক্তারদের সম্পর্কে আমি ভালো করে জানি। তোমরা বাধ্য হয়েই আসছো। আমি গ্রাম থেকে উঠে আসছি, আমি জানি। সুতরাং যত দ্রুত তোমাদের সমস্যা সমাধান করা যায় আমি দেখবো। এইটুকু আমি তোমাদের কথা দিলাম।' শনিবার, ২৩শে মার্চ শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি ও ইন্টার্ন চিকিৎসকরা স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেন। তখন তিনি আন্দোলনকারীদের দাবিগুলো দ্রুত সমাধান করা হবে বলে জানান। তিনি বলেন, 'আমার কাছে খুব খারাপ লাগলো তোমরা রাস্তায় নামতে বাধ্য হয়েছ। আমিও চাই না আমার কোনো ডাক্তার রাস্তায় নেমে এভাবে আসুক। বাংলাদেশে চিকিৎসা ব্যবস্থা ও হাসপাতালের মূল তোমরা। তোমরা যদি ভালো করে কাজ না করো। সব সুনাম-দুর্নাম তোমাদের ওপর। তোমরা ছাড়া আমি উন্নতি করতে পারবো না। আমি তোমাদের দাবি দেখবো।' এসময় স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. খুরশীদ আলম আন্দোলনরতদের উদ্দেশ্যে বলেন, 'আমাদের সময় ভাতা ছিল না। আমরা ভাতা চালু করেছি। স্যার যেহেতু কথা দিয়েছেন তোমরা এইটুকু আস্থা রাখবে।' এর আগে ইন্টার্ন ও পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি চিকিৎসকরা যৌথভাবে ৪ দফা দাবি জানান। দাবিগুলো হলো- ইন্টার্ন চিকিৎসকদের বেতন ৩০ হাজার টাকা এবং পোস্ট গ্র্যাজুয়েট প্রাইভেট ট্রেইনি চিকিৎসকদের বেতন বাড়িয়ে ৫০ হাজার টাকা করতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ট্রেইনি চিকিৎসকদের বকেয়া ভাতা প্রদান করতে হবে। ১২টি প্রাইভেট ইন্সটিটিউটের নন-রেসিডেন্ট

ও রেসিডেন্টদের আকস্মিক ভাতা বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করে ভাতা পুনর্বহাল করতে হবে। অবিলম্বে চিকিৎসক সুরক্ষা আইন প্রণয়ন করতে হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## ভারতীয় পণ্য বর্জনের ডাক দিয়ে দ্রব্যমূল্য বাড়ানোই বিএনপির উদ্দেশ্য : পররাষ্ট্রমন্ত্রী

ভারতীয় পণ্য বর্জনের ডাক দিয়ে দেশের বাজার অস্থিতিশীল করে তোলা ও দ্রব্যমূল্য বাড়ানোই বিএনপির মূল উদ্দেশ্য বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, 'বাংলাদেশে ভোগ্যপণ্য থেকে শুরু করে অনেক পণ্যই ভারত থেকে আসে। ভারতের সঙ্গে আমাদের হাজার হাজার কিলোমিটার সীমান্ত এবং কিছু সীমান্ত বাণিজ্যও হয় বৈধভাবে।' শনিবার, ২৩শে মার্চ দুপুরে চট্টগ্রাম সার্কিট হাউজে চট্টগ্রাম জেলায় সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত সমন্বয় সভা শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রী। মন্ত্রী বলেন, 'আপনারা ভারত থেকে আসা পেয়াঁজ খাবেন, আপনাদের নেত্রী ভারত থেকে আসা শাড়ি পরিধান করবেন, আপনাদের যেসব নেত্রী মাঠে গলা ফাটায়, তারাও আবার ভারতীয় শাড়ি পরবেন, ভারত থেকে আসা গোরুর মাংস দিয়ে আপনারা ইফতার করবেন, সেহরি খাবেন, কয়দিন আগে ওদের নেতা ভারতে চিকিৎসা নিতে গিয়েছিলেন, ভারতে চিকিৎসা নিতে যাবেন, আবার আপনারা ভারতীয় পণ্য বর্জনের ডাক দেবেন, এগুলো হিপোক্রেসি ছাড়া অন্যকিছু নয়। বিএনপির আসল উদ্দেশ্য হচ্ছে দেশে বাজার অস্থিতিশীল করে পণ্যের মূল্য বাড়ানো।' ড. হাছান মাহমুদ বলেন, ভারতীয় পণ্য বর্জনের যারা ডাক দিয়েছে, তাদের সঙ্গে শামিল হয়ে রিজভী নিজের পরনের শালটিও জ্বালিয়ে দিয়েছে। আসলে শালটি ভারত থেকে কিনেছিল নাকি বঙ্গবাজার থেকে কিনেছে আমি জানি না।' সোমালিয়ার জলদস্যুদের কাছে জিম্মি জাহাজ ও নাবিকদের উদ্ধারে সরকারের পক্ষ থেকে কী ধরনের ভূমিকা রাখা হচ্ছে, জানতে চাইলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'গতবার যখন এমভি জাহান মনি হাইজ্যাক হয়েছিল তাদের মুক্ত করতে ১০০ দিন লেগেছিল। এখন যত দ্রুত সম্ভব তাদের মুক্ত করার চেষ্টাই আমরা করছি। এখানে অবস্থানকারী নাবিক এবং জাহাজের যাতে কোনো ক্ষতি না হয় সেভাবেই আমরা উদ্ধার করার চেষ্টা করছি।' তিনি বলেন, 'জাহাজে কয়লা আছে, কয়লা একটি দাহ্য পদার্থ। সুতরাং এমন কিছু করা যাবে না যাতে করে দাহ্য পদার্থ হুমকির সম্মুখীন হয়, জাহাজের ক্ষতি হয়। সেভাবেই আমরা এগোচ্ছি এবং যারা জাহাজটি হাইজ্যাক করেছে তারা এরই মধ্যে মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করেছে। আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানও এ ব্যাপারে আমাদের সহযোগিতা করছে এবং আপনারা নাবিকদের পরিবারের সঙ্গে কথা বললেও জানতে পারবেন, তারাও অনেকটা আশ্বস্ত। আশা করছি আমরা সহসা নাবিকদের উদ্ধার করতে পারবো।' আওয়ামী লীগের এ যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, 'চট্টগ্রামের উন্নয়ন সমন্বয় সভায় জলাবদ্ধতা প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে এবং জলাবদ্ধতা প্রকল্পের সমন্বয়ের ওপর আমরা গুরুত্ব দিয়েছি। প্রকল্প শেষ হতে আরো আড়াই বছর বাকি আছে। এই আড়াই বছরের মধ্যে জনগণের যেন কোনো ভোগান্তি না হয় সেটির ওপর গুরুত্ব দিয়ে আমরা আলোচনা করেছি। একই সঙ্গে এই প্রকল্প শেষ হওয়ার পর যেন নিয়মিত মেইনটেন্যান্স করা হয় সেটিকেও গুরুত্ব দিয়ে আমরা আলোচনা করেছি।' তিনি বলেন, 'আপনারা জেনে খুশি হবেন আজ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পক্ষ থেকে জানানো হয়েছে, বে-টার্মিনালের জন্য এরই মধ্যে ৫০০ একর জায়গা প্রধানমন্ত্রী বিনামূল্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছেন। আরো ৩০০ একরের বেশি জায়গা তারা পাবে, সেটির জন্য বন্দর কর্তৃপক্ষ আবেদন করেছে। এরই মধ্যে ডিপি ওর্য়াল্ড এবং সিঙ্গাপুর পোর্ট অথরিটির সঙ্গে চট্টগ্রাম বন্দর এমওইউ স্বাক্ষর করেছে।' পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, 'এখানে তিনটি ভাগে কাজ হবে। একটি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ করবে, আরেকটি সিঙ্গাপুর বন্দর কর্তৃপক্ষ করবে, আরেকটি ডিপি ওয়ার্ল্ড করবে। ওয়ার্ল্ড ব্যাংকসহ অন্যান্য আন্তর্জাতিক অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানও সেখানে যুক্ত হচ্ছে। এটা একটি বড় অগ্রগতি।' তিনি বলেন, 'বে-টার্মিনাল হলে সেটি চট্টগ্রাম বন্দরের চেয়ে আরো বড় একটি নতুন বন্দর হবে। যেটি সমগ্র বাংলাদেশের জন্য একটি নতুন সম্পদ হবে এবং একই সঙ্গে এই বে-টার্মিনাল দিয়ে ভারতের পূর্বাঞ্চলীয় রাজ্যসমূহের পণ্য সরবরাহ আমরা করতে পারবো। এছাড়া চট্টগ্রামে পাহাড়কাটা বন্ধ ও যানজট নিরসনসহ সার্বিক অনেক বিষয় নিয়ে সমন্বয় সভায় আমরা আলোচনা করেছি। আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি, প্রতি তিন মাস পরপর আমরা এরকম সমন্বয় সভা করবো।' চট্টগ্রামের জেলা প্রশাসক আবুল বাশার মোঃ ফখরুজ্জামানের সঞ্চালনায় সভায় অর্থ প্রতিমন্ত্রী ওয়াসিকা আয়শা খান, শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী নজরুল ইসলাম চৌধুরী, সংসদ সদস্য মোতাহেরুল ইসলাম চৌধুরী, মহিউদ্দিন বাচ্চু, এম এ ছালাম, এম এ মোতালেব সিআইপি, বিভাগীয় কমিশনার তোফায়েল ইসলাম, ডিআইজি নুরে আলম মিনা, সিএমপি কমিশনার কৃষ্ণপদ রায়, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সরকারের বিভিন্ন দফতরের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## রেমিট্যান্স যোদ্ধাদের সেবায় সবাইকে আন্তরিক হতে হবে : প্রবাসীকল্যাণ প্রতিমন্ত্রী

রেমিট্যান্স যোদ্ধাদের সেবা দেওয়ায় সবাইকে আরো আন্তরিক হতে হবে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী। নতুন নিয়োগপ্রাপ্তদের সেবা ও ব্যবহারের ওপর মন্ত্রণালয়ের ভাবমূর্তি নির্ভর করে জানিয়ে তিনি বলেন, 'রেমিট্যান্স যোদ্ধারা আপনাদের কাছে অনেক আশা-ভরসা নিয়ে সেবা নিতে আসেন। আপনারা তাদের যত স্বাচ্ছন্দ্যে সেবা দেবেন মন্ত্রণালয়ের ভাবমূর্তি তত উজ্জ্বল হবে।' শনিবার, ২৩শে মার্চ দুপুরে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন ঢাকার বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে নতুন যোগদান

করা কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে জনশক্তি কমর্সংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক সালেহ আহমদ মোজাফফর সভাপতিত্ব করেন। জনশক্তি কমর্সংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বিভিন্ন পদে প্রায় ৩০০ জন জনবল নতুন করে নিয়োগ দান করে। নতুন কর্মকর্তাদের উদ্দেশ্যে প্রতিমন্ত্রী বলেন, 'আমাদের সর্বদা স্বচ্ছ, কর্মঠ ও বিনয়ী হতে হবে। আপনাদের কাছে আসা সেবাপ্রত্যাশী কারা সেটা বুঝতে হবে। তারা আমাদের রেমিট্যান্স যোদ্ধা। তাদের প্রতি বিনয়ী ও আন্তরিক আচরণ করতে হবে। নিজের কাজে ফাঁকি না দিয়ে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে।' কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে মান্ধাতা আমলের যন্ত্রপাতি দিয়ে প্রশিক্ষণ দেওয়া হয় জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, 'এ প্রশিক্ষণ নতুন প্রজন্মের কাজে লাগছে না। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে আধুনিক যন্ত্রপাতি স্থাপনের ব্যবস্থা করা হচ্ছে।' তিনি বলেন, 'শুধু প্রবাসীদের প্রশিক্ষণের ব্যবস্থা করলেই হবে না, প্রশিক্ষকদেরও প্রতিনিয়ত আধুনিক প্রযুক্তির সম্পর্কে প্রশিক্ষণ দিতে হবে। আমি আশা করছি, আধুনিক যন্ত্রপাতির সমন্বয়ে কিছুদিনের মধ্যে আমাদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলো ঢেলে সাজাতে সক্ষম হবো।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## জনবিচ্ছিন্ন বিএনপি ইস্যু তৈরি করতে ভারত বিরোধিতা করছে : বস্ত্র ও পাটমন্ত্রী

জনবিচ্ছিন্ন হয়ে বিএনপি এখন সস্তা ইস্যু তৈরি করতে ভারতীয় পণ্য এবং দেশটির বিরোধিতা করছে বলে মনে করেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক। শনিবার, ২৩শে মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্রলীগ আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, শেখ হাসিনার নেতৃত্বে আমরা একটি কঠিন লড়াইয়ে রয়েছি, আমাদের এখন খুব সহজ সময় যাচ্ছে না। আবার এই বিএনপি মাথাচাঁড়া দিয়ে উঠেছে। মির্জা ফখরুল ইসলাম আলমগীর, ড. মঈন খানেরা যখনই কোনো জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে বেকায়দায় পড়েছেন তখনই সস্তা ইস্যু তৈরি করে ভারত বিরোধিতা করে দেশটির পণ্য বর্জনের কথা বলেছেন। এই ভারত পণ্য বর্জন, ভারত বিরোধিতা হলো তাদের রাজনৈতিক হালে পানি পাওয়ার জন্য অপচেষ্টা মাত্র। কিন্তু তারা জানে না, জিয়া-এরশাদ-খালেদা জিয়া ভারত ইস্যুকে ঘিরে যে 'ভারত জুজুর রাজনীতি' করেছিল সেই বাংলাদেশ আজকে আর নেই।' জাহাঙ্গীর কবির নানক বলেন, ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করে খুনিদের অবাধ বিচরণ প্রতিষ্ঠা হয়েছিল। যাদের আমরা মুক্তিযুদ্ধে পরাজিত করেছিলাম, সেই ঘাতকদের অবাধ চারণভূমিতে পরিণত করেছিল জিয়াউর রহমান ও জেনারেল এরশাদরা। আজকের দিনে বঙ্গবন্ধুর কন্যার নেতৃত্বে বাংলাদেশ বিশ্ব দরবারে মাথাউঁচু করে দাঁড়িয়েছে। আবার ষড়যন্ত্র হচ্ছে। জামায়াত-শিবির কিন্তু বসে নেই। ছাত্রলীগকে মনে রাখতে হবে তারা নিঃশেষ হয়ে যায়নি। যখন আমি জিয়াউর রহমান, এরশাদের বিরুদ্ধে আন্দোলন করেছি। তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলা এবং সারাদেশে বলেছি একটি জাতি সাপ আমাদের পাশে পাশে চলছে। এই সাপটি যখন সুযোগ পাবে তখনই ছোবল দেবে, এই জাতি সাপ জামায়াতকে শুধু পিটুনি দিলে চলবে না মাথায় আঘাত করে এই দেশ থেকে নিঃশেষ করে দিতে হবে।' স্বাধীনতার ঘোষক প্রসঙ্গে বস্ত্র ও পাটমন্ত্রী বলেন, 'যারা বলেন হুইসেল বাতি দিয়েছেন আর স্বাধীনতা এসে গিয়েছে। যারা ৫২, ৫৪ দেখেনি, যেই জিয়াউর রহমান ৫২, ৫৪, ৫৬, ৫৮, ৬৬, ৬৯ এবং ৭০ এর নির্বাচন দেখিনি। সেই জিয়াউর রহমান হঠাৎ করে এসে চট্টগ্রামের কালুরঘাটের বেতার কেন্দ্রে স্বাধীনতার ঘোষণা করে ঘোষক হয়ে গেলেন। যদি জিয়াউর রহমান ঘোষক হয়, আমিও বরিশালে মাইকিং করেছিলাম বঙ্গবন্ধুর এই ঘোষণা, তাহলে তো আমিও ঘোষক। যদি জিয়াউর রহমান ঘোষক হয়, তাহলে অন বিহ্যাব অব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলে স্বাধীনতার কথা বলে তাহলে কি জাহাঙ্গীর কবির নানক কি ঘোষক? তাহলে কি কলরেডি ঘোষক? এই হলো ইতিহাস বিকৃতি।' এর আগে তিনি বলেন, 'মুজিব শব্দের অর্থ উত্তরদাতা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবসময় অন্যায়ের বিরুদ্ধে উত্তর দিয়েছেন। ছোটবেলা থেকেই তিনি এক ধরনের মানসিকতা নিয়ে গড়ে উঠেছেন যে আমাকে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে হবে, মানুষকে নিয়ে এগিয়ে যেতে হবে এবং মানুষকে নিয়ে কাজ করে যেতে হবে। ১৯৪০ সালে সর্বভারতীয় মুসলিম ছাত্র ফেডারেশনে যোগ দেন, ৪৬ সালে তিনি কলকাতা ইসলামিয়া কলেজের ছাত্র সংসদের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। তিনি ১৯৪৯ সালে তৎকালীন আওয়ামী মুসলিম লীগের পূর্ব পাকিস্তান শাখার যুগ্ম সম্পাদক পদে নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে জাতীয় রাজনীতির মূল ধারায় যুক্ত হন, ১৯৫৩ সালে দলের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের নির্বাচনে ইস্ট বেঙ্গল লেজিসলেটিভ সর্ব প্রথম সদস্য নির্বাচিত হন।' তিনি বলেন, 'পাকিস্তানের নামে যে জাতি রাষ্ট্রটি সাম্প্রদায়িকতার বিষবাষ্প হয়ে জন্ম হয়েছিল এবং ধর্মান্ধতায় নিপতিত একটি দেশ। সেই ধর্মকে হাতিয়ার করে পাকিস্তানিরা শাসন শোষণ করেছেন এবং যে সমাজ ব্যবস্থায় আমার মা যখন বরিশাল শহরে রিকশায় চড়তেন। বোরকা-দোপাট্টা পড়ে রিকশায় ওঠার পরও পুরো রিকশাটিকে শাড়ি দিয়ে বেঁধে দেওয়া হতো, এই ছিল সেই সময়ের ধর্মান্ধতার পরিস্থিতি।' তিনি আরো বলেন, 'এই ধর্মান্ধ রাষ্ট্রের জনগণ যারা শোষিত, নির্যাতিত, নিপীড়িত হয়েছেন টুঙ্গিপাড়ার সেই খোকা, হয়ে এসেছিলেন এক আলোকবর্তিকা হয়ে। সেই বঙ্গবন্ধু ১৯৫২ সালে পাকিস্তানি ও জিন্নাহ-এর বিরুদ্ধে যে উর্দু রাষ্ট্রভাষা নয়, বাংলা হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা এবং ভাষা আন্দোলন নেতৃত্ব দিয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ৫২ এর পর ৫৪ এর যুক্তফ্রন্ট নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন তার

জন্য সেইদিন যুক্তফ্রন্ট সরকার গঠন করতে পেরেছিলেন।' ৭ই মার্চে ঐতিহাসিক ভাষণ প্রসঙ্গে তিনি বলেন, ১৯৭১ সালের ৭ই মার্চ দশ লক্ষাধিক ১১শ ৮ শব্দের চিরকুটে পয়েন্ট লিখে নিয়ে বক্তব্য দেননি। তরপরেও তার ওপর অনেক চাপ ছিল। কিন্তু কারো কথা কানে নেননি, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব তখন বঙ্গবন্ধুকে বলেছিলেন তুমি সারাজীবন মানুষের জন্য রাজনীতি করেছো, বাঙালির স্বার্থে পক্ষে যা বলা দরকার তাই তুমি করবা। ৭ই মার্চ বঙ্গবন্ধু ওই ঐতিহাসিক রেসকোর্স ময়দানে দাঁড়িয়ে জাতিকে স্বাধীনতার দিক নির্দেশনা দিয়েছেন। তিনি বাঙালির অর্থনৈতিক মুক্তি, গেরিলা যুদ্ধের মতো দিকনির্দেশনা দিয়েছিলেন এই ঐতিহাসিক ভাষণে। ৫১ বছর ৮ দিন বয়সী বঙ্গবন্ধু তার ভাষণের শুরুতে আপনি বলেছিলেন এবং পরবর্তীতে কর্তৃত্ব জায়গা থেকে তুমি বলে সম্বোধন করেছিলেন। আমরা তার নির্দেশনা মোতাবেক লড়াই করেছিলাম।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## জলবায়ু সহিষ্ণু সমাজ গঠনে নারীরা শক্তিশালী ভূমিকা পালন করতে পারে : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেন, 'জলবায়ু পরিবর্তন মোকাবিলা করে স্থিতিস্থাপক সমাজ গড়ে তুলতে নারীরা শক্তিশালী ভূমিকা পালন করতে পারে।' তিনি বলেন, 'এ কারণে সহযোগিতামূলক প্রচেষ্টা এবং সম্মিলিত পদক্ষেপ আরো স্থিতিস্থাপক এবং টেকসই বিশ্ব বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। জলবায়ু সমস্যা মোকাবিলা করার জন্য মূল স্টেকহোল্ডার হিসাবে নারীদের সম্ভাবনাকে কাজে লাগাতে হবে।' শনিবার, ২৩শে মার্চ রাজধানীর পার্লামেন্ট ক্লাব মিলনায়তনে সার্ক বিজনেস কাউন্সিল অব উইমেন্স ইন্ডিয়ান চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত 'জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত অবক্ষয়, নারীর ওপর প্রভাব এবং এগিয়ে যাওয়ার পথ' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে পরিবেশমন্ত্রী এ কথা বলেন। পরিবেশমন্ত্রী বলেন, 'বিদেশিরা এখন বাংলাদেশের কাছ থেকে জলবায়ু পরিবর্তন মোকাবিলার কৌশল শিখতে আগ্রহী। যাইহোক, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় যে পদক্ষেপ নেওয়া হয়েছে তা যথেষ্ট নয়। তিনি বলেন, 'এজন্য সঠিক গবেষণা প্রয়োজন।' সর্বোপরি বেসরকারি খাতসহ সবাইকে নিয়ে জলবায়ু পরিবর্তন মোকাবিলা করা প্রয়োজন বলে জানান তিনি।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## জলবায়ুর ক্ষতিকর প্রভাব মোকাবিলায় সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন : কৃষিমন্ত্রী

আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় সবার সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন বলে উল্লেখ করেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ। তিনি বলেন, 'আসুন আমাদের সবার প্রজ্ঞা ও শক্তিকে কাজে লাগিয়ে জলবায়ু পরিবর্তনজনিত যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলা করি, এমন ভবিষ্যৎ গড়ার জন্য কাজি করি, যেখানে জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো প্রশমিত হয় এবং আগামী প্রজন্মের জন্য একটি টেকসই ও নিরাপদ বিশ্ব গড়ে তুলি।' শনিবার রাজধানীর বিজয় সরণিতে বঙ্গবন্ধু সামরিক জাদুঘরের মিলনায়তনে বিশ্ব আবহাওয়া দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। ড. মোঃ আব্দুস শহীদ বলেন, 'এ বছর আবহাওয়া দিবসের প্রতিপাদ্য হচ্ছে, 'অ্যাট দ্যা ফ্রন্টলাইন অব ক্লাইমেট অ্যাকশন'। এ প্রতিপাদ্যের আলোকে আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলায় সবার সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। আমাদের কর্মকাণ্ডে পরিবেশ ও জলবায়ুর ওপর কী প্রভাব পড়তে পাড়ে তা সর্বাগ্রে বিবেচনায় নিতে হবে। আবহাওয়া অধিদফতরের পরিচালক মোঃ আজিজুর রহমানের সভাপতিত্বে বিশ্ব আবহাওয়া দিবসের উদ্‌বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব গোলাম মোঃ হাসিবুল। উদ্‌বোধনী অনুষ্ঠানে ঝড় সতর্কীকরণ কেন্দ্রের প্রধান ড. মোঃ শামীম হাসান ভূইয়া বাংলাদেশের আবহাওয়া ও জলবায়ু সম্পর্কিত সার্বিক কার্যক্রম সম্বলিত একটি প্রবন্ধ উপস্থাপন করেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## তদন্তের মাধ্যমে ট্রেন দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হবে : এ বি এম ফজলে করিম চৌধুরী

কুমিল্লার নাঙ্গলকোটে ট্রেন দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছে দ্বাদশ জাতীয় সংসদের রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। শনিবার, ২৩শে মার্চ পরিদর্শনকালে কমিটির সভাপতি এ বি এম ফজলে করিম চৌধুরীসহ কমিটির সদস্য ও রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম, মো. শফিকুর রহমান ও মোছাম্মৎ নুরুন নাহার বেগম উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে দুর্যোগ পর্যালোচনা ও মত বিনিময় সভায় এ বি এম ফজলে করিম চৌধুরী বলেন, 'তদন্তের মাধ্যমে ট্রেন দুর্ঘটনার কারণ খতিয়ে দেখা হবে। এ ক্ষেত্রে রেলের কোনো গাফিলতি ছিল কি না তা তদন্ত সাপেক্ষে দোষীদের বিচারের আওতায় আনতে হবে।' তিনি বলেন, 'এ ধরনের ঘটনা ভবিষ্যতে যেন আর না ঘটে সে বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে এবং ত্রুটি-বিচ্যুতি সংশোধনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। কমিটি দোষীদের শাস্তি নিশ্চিত করে স্বচ্ছতা নিয়ে কাজ করতে চায়।' তিনি আরো বলেন, 'দুর্ঘটনার দিন স্থানীয় জনগণের আন্তরিক সহযোগিতার ফলে আহতদের প্রাথমিক চিকিৎসা দিয়ে তাদের গন্তব্যে পাঠানোয় সহায়তা করায় এলাকাবাসী ও স্থানীয় নেতৃবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।' পরিদর্শন ও মত বিনিময় সভায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব, মহাপরিচালক, মহাব্যবস্থাপক, কুমিল্লার জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ মন্ত্রণালয় ও সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা, স্থানীয় নির্বাচিত প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন। এর আগে রোববার, ১৭ই মার্চ দুপুর পৌনে ২টার দিকে

নাঙ্গলকোটের ঢালুয়া ইউনিয়নের তেজের বাজার এলাকায় গরমে রেললাইন বেঁকে ময়মনসিংহগামী বিজয় এক্সপ্রেসের ৯টি বগি লাইনচ্যুত হয়। এতে অন্তত ১০ যাত্রী আহত হন।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## তৃতীয় লিঙ্গের কেউ চাঁদাবাজি করলেই ব্যবস্থা : ডিএমপি কমিশনার

বাসাবাড়ি, সড়ক ও যানবাহনে তৃতীয় লিঙ্গের কেউ চাঁদাবাজি করলেই তাদের আইনের আওতায় আনা হবে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ডিএমপি কমিশনার হাবিবুর রহমান। শনিবার, ২৩শে মার্চ রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে মাসিক অপরাধ পর্যালোচনা সভায় তিনি এ কথা জানান। ডিএমপি কমিশনার বলেন, 'সম্প্রতি শেরে বাংলা নগর থানা এলাকায় একটি ঘটনায় তৃতীয় লিঙ্গের একজনের বিরুদ্ধে পুলিশ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে। তৃতীয় লিঙ্গের বিভিন্ন সদস্যের নামে বিভিন্ন ধরনের চাঁদাবাজির অভিযোগ পাওয়া যাচ্ছে। এসব অভিযোগের আলোকে তাদের বিরুদ্ধে যথাযথ আইনি পদক্ষেপ নেওয়া হবে।' তিনি বলেন, জনগণকে কাঙ্ক্ষিত সেবা দিতে থানায় আগত সেবাপ্রার্থীদের দ্রুততম সময়ে ও আন্তরিকতার সঙ্গে সেবা প্রদান করতে হবে। মানুষ পুলিশের সেবা পেতে প্রথমে থানায় আসে। ঢাকা মেট্রোপলিটন পুলিশ জনসেবায় কতটা আন্তরিক তা দ্রুততম সময়ে সেবা প্রদানের মাধ্যমে নগরবাসীকে বোঝাতে হবে।' হাবিবুর রহমান বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশমতো পুলিশি সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং ব্যবস্থা আরো বেগবান করতে হবে। রাষ্ট্র আমাদের জনগণের জানমালের নিরাপত্তার দায়িত্ব দিয়েছে। পেশাদারিত্ব ও কাঙ্ক্ষিত সেবা দিয়ে তার বাস্তব প্রতিফলন ঘটাতে হবে।' তিনি আরো বলেন, 'রমজানে যানজট নিরসনে ট্রাফিক ব্যবস্থার ওপর বিশেষ নজর দিতে হবে। এখন পর্যন্ত রমজানে ট্রাফিক ব্যবস্থা বেশ ভালো অবস্থায় আছে, এটা আমাদের ধরে রাখতে হবে। এরই মধ্যে ট্রাফিক বিভাগের অফিসারদের প্রতি নির্দেশনা দেওয়া হয়েছে। ট্রাফিকের সিনিয়র অফিসারদের পাশাপাশি ক্রাইম বিভাগের অফিসারদেরও রাস্তায় থেকে দায়িত্ব পালন করতে হবে।' কিশোর গ্যাং নিয়ন্ত্রণে ডিএমপি সব ধরনের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে বলেও জানান হাবিবুর রহমান। এছাড়াও গ্রেফতারি পরোয়ানা তামিল, চুরি মামলা, ছিনতাই মামলা, মামলা তদন্ত, চোরাই গাড়ি উদ্ধার, মাদক উদ্ধার ও মূলতবি মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আরো গুরুত্ব দিয়ে কাজ করতে হবে বলে জানান তিনি। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## পেঁয়াজ রপ্তানিতে নিষেধাজ্ঞা অনির্দিষ্টকালের জন্য বাড়িয়েছে ভারত

পেঁয়াজ রপ্তানিতে নিষেধাজ্ঞা অনির্দিষ্টকালের জন্য বাড়িয়েছে ভারত। লোকসভা নির্বাচন সামনে রেখে দেশটির সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। দিল্লির এই সিদ্ধান্তে বিশ্বের অনেক দেশেই পেঁয়াজের দাম বেড়ে যেতে পারে বলে মনে করা হচ্ছে। গত ডিসেম্বরে অভ্যন্তরীণ দাম নিয়ন্ত্রণে পেঁয়াজ রপ্তানিতে নিষেধাজ্ঞা আরোপ করে ভারত সরকার। ৩১শে মার্চ নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু দেশটির সরকার শুক্রবার, ২২শে মার্চ রাতে এক আদেশ জারির মাধ্যমে জানায়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পেঁয়াজ রপ্তানি বন্ধ থাকবে। পরিচয় প্রকাশে অনিচ্ছুক একটি রপ্তানি কোম্পানির কর্মকর্তা বলেন, 'নতুন মৌসুমে সরবরাহ বাড়ার মধ্যেই এ সিদ্ধান্ত একেবারেই অপ্রয়োজনীয়। ভারতের মহারাষ্ট্রে সবচেয়ে বেশি পেঁয়াজ উৎপাদন করা হয়। রাজ্যটিতে গত ডিসেম্বরে প্রতি ১০০ কেজি পেঁয়াজের দাম ছিল চার হাজার পাঁচশ রুপি, যা এখন কমে এক হাজার দুইশ রুপিতে দাঁড়িয়েছে।' ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তৃতীয়বারের মতো নির্বাচিত হতে মরিয়া। আগামী ১৯শে এপ্রিল দেশটিতে লোকসভা নির্বাচন শুরু হবে।ভারতের নিষেধাজ্ঞার কারণে বাংলাদেশ, মালয়েশিয়া, নেপাল ও আমিরাতে পেঁয়াজের দাম বেড়েছে। কারণ এসব দেশ অভ্যন্তরীণ ঘাটতি মেটাতে ভারতের পেঁয়াজের ওপর নির্ভরশীল। ৩১শে মার্চ ২০২৩ শেষ হওয়া অর্থবছরে ভারত রেকর্ড ২ দশমিক ৫ মিলিয়ন টন পেঁয়াজ রপ্তানি করে। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

## গুলশানে ১৮তলা ভবনের আগুন নিয়ন্ত্রণে

রাজধানীর গুলশান-১ নম্বরে ১৮তলা এডব্লিউআর টাওয়ারের নবম তলায় লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। ফায়ার সার্ভিসের তিনটি ইউনিটের আধা ঘণ্টায় চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে। শনিবার, ২৩শে মার্চ বিকেলে ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুমের ডিউটি অফিসার মোঃ রাফি আল ফারুক জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন। রাফি আল ফারুক বলেন, 'বিকেল সোয়া ৪টার দিকে গুলশান-১ নম্বরের এ ডব্লিউ আর টাওয়ারের ৯তলায় আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করে। ফায়ার ফাইটারদের আধা ঘণ্টার চেষ্টায় বিকেল ৪টা ৫০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে।' ফায়ার সার্ভিস বলছে, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এসির আউটডোর ইউনিট থেকে আগুনের সূত্রপাত। (জাগো এফএম ওয়েব পেজ : ২৩.০৩.২০২৪ প্রতীক)

# BBC

## GUNMEN OPEN FIRE AT MOSCOW CONCERT HALL KILLING 133

Gunmen have attacked a concert hall on the fringes of Moscow, killing at least 133 people and wounding 140 more, Russian security services say. At least four attackers clad in camouflage gear took part in the attack, in the north-west suburb of Krasnogorsk. Crocus City Hall was about to host a rock concert when the gunmen burst into the foyer and then the

theatre itself. Much of the building was engulfed by fire and part of the roof collapsed. Children are said to be among the casualties and the Russian foreign ministry has condemned a terrorist attack. (BBC Web Page: 23/03/24, FARUK)

**US CALL AT UN FOR GAZA TRUCE LINKED TO HOSTAGES BLOCKED**

Russia and China have blocked a US draft resolution put to the UN which for the first time called for a ceasefire and hostage releases in Gaza. While there have been previous attempts by other countries to call for a ceasefire, the US text marked a hardening of its stance towards Israel. But Russia and China used their veto. Moscow called the text "hypocritical". The move by the US, Israel's key ally, comes at a time of growing tensions between them. Washington has made clear that it expects Israel to lessen the intensity of its offensive in Gaza, where the Hamas-run health ministry says at least 31,988 people - mainly women and children - have been killed since the war began on 7 October.
(BBC Web Page: 23/03/24, FARUK)

**MILLION IN UKRAINE LOSE POWER AFTER RUSSIAN ATTACK**

A million people are without power across Ukraine after Russian missiles targeted energy infrastructure. There is no electricity in the second-largest city of Kharkiv, the regional head says, and more than 53,000 households in Odesa are without power. Ukraine's energy minister, German Galushchenko, accused Russia of trying to provoke "a large-scale failure of the country's energy system". Russia said it was revenge for recent Ukrainian attacks on Russian territory. At least five people have been reported killed and 14 wounded. President Volodymyr Zelensky said the latest wave of attacks showed that Western allies must give more military aid to Ukraine, including additional air defence systems.
(BBC Web Page: 23/03/24, FARUK)

**AFGHAN TEEN GIRLS DESPAIR AT UNENDING TALIBAN SCHOOL BAN**

Teenage girls have told the BBC they feel mentally dead as the Taliban's ban on their education prevents them from returning to school once again. More than 900 days have now passed since girls over 12 were first banned. The Taliban have repeatedly promised they would be readmitted once a number of issues were resolved - including ensuring the curriculum was "Islamic". But they have made little comment as a third new school year started without teenage girls in class this week. According to UNICEF, the ban has now impacted some 1.4m Afghan girls - among them, former classmates Habiba, Mahtab and Tamana, who spoke to the BBC last year. (BBC Web Page: 23/03/24, FARUK)

**AT LEAST 65 MIGRANT BODIES FOUND IN LIBYA MASS GRAVE: UN**

A mass grave containing the bodies of at least 65 migrants has been found in Libya, the International Organization for Migration (IOM) has said. The IOM said the circumstances of their deaths and their nationalities are still unknown but they believe they died being smuggled through the desert towards the Mediterranean. The organization, part of the United Nations, said it was profoundly shocked by the discovery. Libya is investigating, the IOM said. The grave was found in south-west Libya, it said.
(BBC Web Page: 23/03/24, FARUK)

**CONGRESS VOTE AVERTS US GOVERNMENT SHUTDOWN**

The US Senate has agreed a $1.2tn spending package that will find the US government through September. Legislators narrowly averted a partial shutdown of the government with minutes to go before a midnight deadline. While votes on a series of amendments are expected to continue for several hours, the agreement means that there will be no lapse in funding to key government departments. It should be ready to be signed by President Joe Biden on Saturday. Democrat Senate majority leader Chuck Shumer said it had not been easy, but "our persistence has been worth it". (BBC Web Page: 23/03/24, FARUK)

**FIRST UK-FUNDED FIELD HOSPITAL OPENS IN GAZA**

The first UK-funded field hospital in Gaza aims to be fully functioning in days, with treatment for everything from minor illnesses to bullet wounds. It has been set up by the aid organization UK-Med, which deploys many NHS staff to International emergencies. The facility is based near Rafah, where 1.5 million Palestinians are crammed in, having fled other parts of Gaza. "The scale of the need is simply staggering," UK-Med's chief executive David Wightwick told the BBC. He was speaking over the noise of hammering and banging as construction continued in the desert sands of Al Mawasi. The field hospital - which was

despatched from Manchester - will eventually cover the size two football fields, but getting started hasn't been easy. (BBC Web Page: 23/03/24, FARUK)

**IRISH PM VARADKAR DENIES RESIGNATION CONSPIRACY THEORIES**

Irish Prime Minister Leo Varadkar has denied any "conspiracy theories" over why he announced his resignation on Wednesday. Mr Varadkar's decision caused surprise within his party and the PM claimed he had only told his partners in government the night before. Rumours over his decision to resign have persisted since the announcement but Mr Varadkar moved to dispel them on Friday. Speaking in Brussels, where he is attending a meeting of the European Council, he denied having any ulterior motive or a new job lined up. Mr Varadkar's comments come ahead of nominations for his successor closing on Sunday. (BBC Web Page: 23/03/24, FARUK)

**UGANDA'S LEADER PROMOTES HIS SON TO MILITARY CHIEF**

Uganda's President Yoweri Museveni, 79, has promoted his son Gen Muhoozi Kainerugaba to head the military. The 49-year-old's promotion comes amid a major cabinet reshuffle in which five ministers were sacked. In power since 1986, Mr Museveni has denied speculation that he is grooming his only son as his successor. Gen Kainerugaba is a controversial figure, becoming increasingly involved in the political arena, in breach of military protocols. President Museveni also issued an apology to Kenya's leader and asked Kenyans for,"forgiveness" on behalf of his son. (BBC Web Page: 23/03/24, FARUK)

**DELHI MINISTER REMANDED IN PRISON OVER CORRUPTION PROBE**

A court has ordered the prominent Indian opposition politician and Delhi chief minister Arvind Kejriwal be remanded in custody following his arrest over corruption allegations. Mr Kejriwal, leader of the Aam Aadmi Party (AAP), was detained on Thursday by India's financial crimes agency. He has denied any wrongdoing and opposition leaders say his arrest is politically motivated. The ruling Bharatiya Janata Party (BJP) has denied the allegation. The party of Prime Minister Narendra Modi says the authorities are acting against corruption. Mr Kejriwal was produced in a Delhi trial court on Friday and remanded in custody until 28 March.
(BBC Web Page: 23/03/24, FARUK)

**:: The End ::**